# হিউম্যান প্যাপিলোমাভাইরাস (HPV) এর টিকা

Human papillomavirus (HPV)

## বাবা মায়েদের জন্য তথ্যপত্র

**NSW হেলথ স্কুল টিকাদান কর্মসূচীর আওতায় কিশোর কিশোরীদের জন্য ন্যাশনাল হেলথ এন্ড মেডিক্যাল রিসার্চ কাউন্সিল কর্তৃক সুপারিশকৃত ভ্যাকসিনগুলো প্রদান করে। এজন্য অবশ্যই বাবা-মা/ অভিভাবকদের স্বাক্ষরিত সম্মতি পত্র জমা দিতে হবে।**

আপনার জন্য পরবর্তী পদক্ষেপ

- এই তথ্যপত্রটি যত্নসহকারে পড়ুন।
- আপনি যদি আপনার সন্তানকে হিউম্যান প্যাপিলোমাভাইরাস (HPV) এর টিকা দেওয়াতে চান, তাহলে সম্মতি ফর্মটি পূরণ ও স্বাক্ষর করে তা স্কুলে ফেরত দেওয়ার জন্য আপনার সন্তানকে দিন।
- আপনি যদি আপনার সন্তানকে HPV এর ভ্যাকসিন দিতে না চান, তাহলে সম্মতি দেবেন না।

### প্রশ্ন। HPV কী এবং এটি কীভাবে ছড়ায়?

হিউম্যান প্যাপিলোমা ভাইরাস (HPV) একটি সাধারণ ভাইরাস যা নারী-পুরুষ উভয়কেই আক্রান্ত করতে পারে। ভাইরাসটি আছে এমন কোনো ব্যক্তির সাথে যৌন মিলনের সময় যৌনাঙ্গের সংস্পর্শে HPV ছড়ায়। রক্ত কিংবা শরীরের অন্য কোন তরল পদার্থের মাধ্যমে ভাইরাসটি ছড়ায় না বরং চামড়ায় ছোট ছোট ছিদ্র দিয়ে তা ঢুকে পড়ে। কনডম সম্পূর্ণ সুরক্ষা দেয় না কারণ তা যৌনাঙ্গের চামড়ার পুরোটা ঢাকে না।

সব ধরণের HPV তে লক্ষণীয় উপসর্গ দেখা যায় না। HPV আক্রান্ত অনেকে বুঝতেই পারে না যে তারা আক্রান্ত হয়েছে।

কিছু কিছু ধরণের HPV তে শরীরের যেকোনো অংশে আঁচিল হতে পারে। এর মধ্যে রয়েছে যৌনাঙ্গের জায়গা (স্ত্রীযোনিদ্বার, যোনি, গর্ভাশয়ের সংকীর্ণ অংশ, পুরুষাঙ্গ, অণ্ডকোষ, মলদ্বার এবং স্ত্রীযোনির নিচের অংশ)। আঁচিলগুলো সাধারণত ব্যথা করে না, তবে কখনও কখনও চুলকানির বা অস্বস্তির সৃষ্টি করে। যে ধরণের HPV এর কারণে আঁচিল সৃষ্টি হয়, সেগুলোকে 'নিম্ন-ঝুঁকি' বলা হয়, কারণ এগুলোর সাথে ক্যান্সারের কোন যোগসূত্র নেই।

অন্যান্য ধরণের HPV কে বলা হয় 'উচ্চ-ঝুঁকির', কারণ এগুলোর কারণে প্রাক-ক্যান্সার কোষের বিস্তার ঘটতে পারে। যদি চিকিৎসা করা না হয়, তাহলে এই কোষগুলো ক্যান্সারে পরিণত হতে পারে।

বিশ্বে সব ধরণের ক্যান্সারের ৫% এর জন্য দায়ী হল উচ্চ-ঝুঁকির HPV, যেগুলোর মধ্যে রয়েছে:

- প্রায় সব ক্ষেত্রেই গর্ভাশয়ে কান্সার এবং যৌনাঙ্গে আঁচিল
- শতকরা 90 ভাগ ক্ষেত্রে পায়ু ক্যান্সার
- শতকরা 78 ভাগ ক্ষেত্রে যোনি ক্যান্সার
- শতকরা 60 ভাগ অরোফ্যারিনজাল (কণ্ঠনালী, জিহ্বা, এবং টনসিলের পেছনে) ক্যান্সার
- শতকরা 25 ভাগ ক্ষেত্রে স্ত্রীযোনিদ্বারে ক্যান্সার
- শতকরা 50 ভাগ ক্ষেত্রে পুরুষাঙ্গে ক্যান্সার

টিকাদানের মাধ্যমে পুরুষদের যৌনাঙ্গে আঁচিল ও পুরুষাঙ্গে ক্যান্সার রোধ করা যায়, এবং গুরুত্বপূর্ণ হল এর মাধ্যমে নারীদের গর্ভাশয়ে ক্যান্সার থেকেও রক্ষা করা যায়।.

### প্রশ্ন। টিকাগুলো কীভাবে কাজ করে?

নির্দিষ্ট কিছু সংক্রমণের বিরুদ্ধে লড়তে দেহের রোগ প্রতিরোধ ব্যবস্থাকে সক্রিয় করে তোলার মাধ্যমে টিকাগুলো কাজ করে। টিকা নিয়েছেন এমন কোন ব্যক্তি যদি এই সংক্রমণগুলোর সংস্পর্শে আসে তাহলে তাদের রোগ প্রতিরোধক ব্যবস্থা আরও কার্যকরভাবে সাড়া দিতে সক্ষম হয়, যেমন রোগটির বিস্তারে বাধা দেওয়া কিংবা এর তীব্রতা ব্যাপকভাবে কমিয়ে আনা।

### প্রশ্ন। কোন টিকাটি দেওয়া হবে?

একটি HPV টিকা দেওয়া হবে যা ৯ ধরণের HPV ভাইরাস (৬, ১১, ১৬, ১৮, ৩১, ৩৩, ৪৫, ৫২ এবং ৫৮) এর বিরুদ্ধে সুরক্ষা দেয়।

### প্রশ্ন। আমার সন্তানের কয়টি HPV ডোজ দরকার?

আন্তর্জাতিক গবেষণায় দেখা যায় যে যেকোনো HPV ভ্যাকসিনের এক ডোজ, দুই ডোজ কোর্সের মতই সমান সুরক্ষা দেয়। এই প্রমাণের উপর ভিত্তি করে, অস্ট্রেলিয়ান টেকনিক্যাল অ্যাডভাইজরি গ্রুপ অন ইমিউনাইজেশন (ATAGI) ২০২৩ সাল থেকে এক ডোজ HPV ভ্যাকসিন নেয়ার পরামর্শ দিয়েছিল।

কিছু কিছু কিশোর-কিশোরী, যাদের রোগ প্রতিরোধ ক্ষমতা সাংঘাতিক রকম কম, তাদেরকে তাঁদের জিপি অথবা ফার্মাসিস্ট টিকাদানকারীর  কাছ থেকে তিন ডোজের HPV ভ্যাকসিন নিতে পরামর্শ দেয়া হচ্ছে। ৩ ডোজের শিডিউলে প্রথম এবং দ্বিতীয় ডোজের মাঝে ২ মাসের বিরতি, এবং দ্বিতীয় ও তৃতীয় ডোজের মাঝে ৪ মাসের বিরতি থাকা আবশ্যক।

গুরুতর রোগ প্রতিরোধ স্বল্পতা বলতে তাদের বুঝানো হয়, যাদেরঃ

- প্রাইমারি কিংবা সেকেন্ডারি রোগ প্রতিরোধ স্বল্পতা রয়েছে (যেমন B লিম্ফোসাইট অ্যান্টিবডি এবং T লিম্ফোসাইটের সম্পূর্ণ অথবা আংশিক স্বল্পতা)
- HIV সংক্রমণ হয়েছে

- ক্যান্সার রয়েছে
- অঙ্গ প্রতিস্থাপন হয়েছে
- অটোইমিউন রোগ হয়েছে
- উল্লেখযোগ্য ইমিউনোসাপ্রেসিভ থেরাপি নিতে হচ্ছে (অ্যাসপ্লেনিয়া কিংবা হাইপোসপ্লেনিয়া বাদে)

### প্রশ্ন। যে সকল কিশোর-কিশোরী ইতোমধ্যে এক ডোজ নিয়েছে তাদের ক্ষেত্রে কী হবে?

যে সকল শিক্ষার্থী ইতোমধ্যে এক ডোজ HPV ভ্যাকসিন নিয়েছে তাদেরকে দ্বিতীয় ডোজ নিতে হবে না। তাদেরকে হালনাগাদ এবং সম্পূর্ণ ভ্যাকসিনপ্রাপ্ত হিসেবে ধরে নেয়া হয়।

**যেহেতু HPV এর টিকা ক্যান্সার সৃষ্টিকারী সকল ধরণের HPV এর বিরুদ্ধে সুরক্ষা দেয় না সেহেতু যেসকল নারী টিকা নিয়েছেন তাদের জন্য নিয়মিত সারভিক্যাল পরীক্ষা (আগে যেটিকে প্যাপ স্মিয়ার বলা হত) গুরুত্বপূর্ণ। HPV এর টিকা নেওয়া হোক বা না হোক, ২৫ বছর বয়স থেকে যৌন সক্রিয় সকল মহিলাদের প্রতি ৫ বছর অন্তর সারভিক্যাল পরীক্ষা করানো উচিত।**

### প্রশ্ন। কাদের ভ্যাকসিন নিতে হবে?

১২ বছর বয়স থেকে ইয়ার ৭ এবং ইনটেনসিভ ইংলিশ সেন্টারের সকল শিক্ষার্থীদেরকে সিঙ্গেল ডোজ HPV ভ্যাকসিন নেয়া উচিত। বিস্তারিত তথ্যের জন্য 1300 066 055 নম্বরে আপনার স্থানীয় পাবলিক হেলথকে ফোন করুন।

### প্রশ্ন। কাদের টিকা দেওয়া উচিৎ না?

HPV টিকা দেওয়া উচিত নাঃ

- যারা গর্ভবতী কিংবা হয়তো গর্ভবতী
- যাদের পূর্বের ডোজ টিকার পর অ্যানাফিলেক্সিস হয়েছিল
- যাদের টিকার কোন একটি উপাদান নেওয়ার পর অ্যানাফিলেক্সিস হয়েছিল (নীচে দেওয়া আছে)
- পূর্বে যাদের ইস্ট থেকে অ্যানাফিলেক্সিস হয়েছিল

### প্রশ্ন। এই টিকা কতটুকু কার্যকরী?

এই টিকা উচ্চ ঝুঁকির HPV ভাইরাসের বিরুদ্ধে সুরক্ষা দেয় যা মহিলাদের শতকরা ৯০ ভাগেরও বেশী গর্ভাশয়ে ক্যান্সারের জন্য দায়ী। এছাড়াও এটি আরও কয়েক ধরণের HPV ভাইরাসের বিরুদ্ধে সুরক্ষা দেয় যেগুলো পুরুষদের ক্যান্সারের জন্য দায়ী।

সাম্প্রতিক গবেষণায় দেখা যায় যে টিকাটি দেওয়ার ১০ বছর পরও শতকরা প্রায় ১০০ ভাগ সুরক্ষা দিচ্ছে। জাতীয় এইচপিভি টিকাদান কর্মসূচি (২০০৭ সালে মহিলাদের জন্য এবং ২০১৩ সালে পুরুষদের জন্য) চালুর পর থেকে:

- ভ্যাকসিনের যোগ্য বয়ঃগোষ্ঠীতে উচ্চমাত্রার সার্ভিক্যাল অস্বাভাবিকতার ঘটনা প্রায় 50% হ্রাস পেয়েছে।
- তরুণ বয়সী লোকদের ক্ষেত্রে যৌনাঙ্গের আঁচিলের ঘটনা 90% কমে গেছে।

সারভিক্যাল ক্যান্সার সাধারণত ১০ বছর বা এর বেশী সময় নিয়ে সৃষ্টি হবার কারণে সারভিক্যাল ক্যান্সার হ্রাস করার ক্ষেত্রে এই টিকার ভূমিকা কিছু সময়ের জন্য ধরা পড়বে না।

১৯৯১ সালে জাতীয় সার্ভিক্যাল স্ক্রীনিং প্রোগ্রাম শুরু হওয়ার পর থেকে এবং ২০০৭ সালে জাতীয় হিউম্যান প্যাপিলোমা ভাইরাস (এইচপিভি) ভ্যাকসিন প্রোগ্রাম চালু হওয়ার পর থেকে সার্ভিক্যাল ক্যান্সারের ঘটনা উল্লেখযোগ্যভাবে হ্রাস পেয়েছে।

### প্রশ্ন। আমি যদি আমার সন্তান বড় হওয়া পর্যন্ত অপেক্ষা করতে চাই?

HPV এর টিকা সবচেয়ে কার্যকরী হয় যখন এটি কিশোর কিশোরীদের যৌনক্ষম হওয়ার আগেই দেওয়া হয়। আপনার সন্তান স্কুলে থাকাকালীন সময়ে আপনি যখন আসল অনুমতিপত্রটি নিয়ে আসবেন, কেবল তখনই স্কুলে এই টিকাটি দেওয়া যেতে পারে। আপনি যদি আপনার সন্তানের আরও বড় হওয়া পর্যন্ত অপেক্ষা করতে চান, তাহলে আপনাকে এটি দেওয়ার জন্য জিপি অথবা ফার্মাসিস্ট টিকাদানকারীর সাথে ব্যবস্থা করতে হবে।

যদি কোন জিপি বা ফার্মাসিস্টের মাধ্যমে ভ্যাকসিন দেয়া হয়, তাহলে তা বিনামূল্যে দেওয়া হবে, তবে আপনাকে একটি পরামর্শ ফি নেওয়া হতে পারে।

### প্রশ্ন। HPV এর টিকায় কী কী সংমিশ্রন (অ্যাডিটিভ) রয়েছে?

এই ভ্যাকসিনে রয়েছে ইস্ট, অ্যালুমিনিয়াম অ্যাজুভেন্ট, সোডিয়াম ক্লোরাইড, L–হিসটিডাইন, পলিসরবেইট এবং সোডিয়াম বোরেইট। অত্যন্ত স্বল্পমাত্রায় এই অ্যাডিটিভগুলো দেওয়া হয়ে থাকে যাতে করে ভ্যাকসিনগুলো কার্যকরী হয় কিংবা সংরক্ষণে সাহায্য করে।

### প্রশ্ন। টিকাগুলো কতটুকু নিরাপদ?

অস্ট্রেলিয়ায় ব্যবহৃত টিকা নিরাপদ এবং থেরাপিউটিক গুডস অ্যাডমিনিস্ট্রেশন (TGA) দ্বারা অনুমোদনের আগে এগুলোকে অবশ্যই যথাযথ নিরাপত্তা পরীক্ষায় পাস করতে হবে। এছাড়াও, একবার ব্যবহার শুরু হলে TGA টিকাগুলোর নিরাপত্তা পর্যবেক্ষণ করে।

### প্রশ্ন। টিকার পার্শ্ব প্রতিক্রিয়াগুলো কী কী?

অধিকাংশ ক্ষেত্রে পার্শ্বপ্রতিক্রিয়া হয় সামান্য এবং সাধারণত ইনজেকশন এর জায়গাতে ব্যথা হওয়া, ফুলে যাওয়া এবং লালচে ভাব দেখা যায়। গুরুতর পার্শ্বপ্রতিক্রিয়া তেমন একটা দেখা যায় না। এইচপিভি টিকা দেওয়ার কয়েকদিন পর নিউ সাউথ ওয়েলস-এ বসবাসরত বাবা-মায়েদের সাথে যোগাযোগের পর জানা গেছে 11%-এরও কম শিক্ষার্থীর মৃদু পার্শ্বপ্রতিক্রিয়া হয়েছিল যেখানে মাত্র 0.5% শিক্ষার্থীকে চিকিৎসা নিতে হয়েছিল। www.health.nsw.gov.au/schoolvaccination ওয়েবসাইটের কনজিউমার মেডিসিন ইনফরমেশন (CMI) এ টিকাটির পার্শ্বপ্রতিক্রিয়া সম্পর্কে আরও তথ্য রয়েছে। বাবা-মায়েরা যদি টিকা দেওয়ার পরে এর পার্শ্বপ্রতিক্রিয়া নিয়ে চিন্তিত হন, তাহলে তাদের উচিত জিপির সাথে যোগাযোগ করা, যিনি স্থানীয় জনস্বাস্থ্য ইউনিটের জন্য একটি রিপোর্টও তৈরি করবেন।

### প্রশ্ন। অ্যানাফিল্যাক্সিস কী?

অ্যানাফিল্যাক্সিস একটি গুরুতর এলার্জি প্রতিক্রিয়া যা দ্রুত চিকিৎসা না দেওয়া হলে অচেতন হয়ে পড়া এবং মৃত্যুর কারণ হতে পারে। যেকোনো টিকা দেওয়ার পর এই ধরণের ঘটনা খুব কমই ঘটে। স্কুলের ইমিউনাইজেশন নার্সরা অ্যানাফিল্যাক্সিসের চিকিৎসা দেওয়ার ক্ষেত্রে পুরোপুরি প্রশিক্ষিত।

### প্রশ্ন। আমার মেয়ের কি এখনও সার্ভিক্যাল স্ক্রীনিং এর দরকার হবে?

হ্যাঁ দরকার হবে। যেহেতু HPV এর টিকা ক্যান্সার সৃষ্টিকারী সকল ধরণের HPV এর বিরুদ্ধে সুরক্ষা দেয় না সেহেতু যেসকল নারী টিকা নিয়েছেন তাদের জন্য নিয়মিত সারভিক্যাল পরীক্ষা (আগে যেটিকে প্যাপ স্মিয়ার বলা হত) গুরুত্বপূর্ণ।

HPV এর টিকা নেওয়া হোক বা না হোক, ২৫ বছর বয়স থেকে যৌন সক্রিয় সকল মহিলাদের প্রতি ৫ বছর অন্তর সারভিক্যাল পরীক্ষা করানো উচিত।

### প্রশ্ন। আমার বাচ্চার যদি অ্যাজমা থাকে এবং যদি সে "পাফার" এর মাধ্যমে করটিসন কিংবা প্রেডনিসন নিয়ে থাকে তাহলে কী হবে?

একজন অ্যাজমা রোগী যেই ঔষধই নিক না কেন, তাকে নিরাপদে টিকা দেয়া যেতে পারে।

### প্রশ্ন। কারা টিকা প্রদানের জন্য সম্মতি দিতে পারে এবং এই সম্মতি কি প্রত্যাহার করা যেতে পারে?

১৮ বছরের কম বয়সী শিক্ষার্থীদের ক্ষেত্রে কেবল বাবা মা কিংবা অভিভাবকরাই সম্মতি দিতে পারে। ১৮ বছর এবং এর বেশী বয়সী শিক্ষার্থীরা নিজেরাই নিজেদের টিকা নেওয়ায় সম্মতি দিতে পারে এবং সেক্ষেত্রে তাদেরকে সম্মতি পত্রটি পূরণ করে যেখানে বাবা-মা/অভিভাবক লেখা আছে সেখানে স্বাক্ষর করতে হবে। স্কুলকে লিখিতভাবে সম্মতি প্রত্যাহারের নোটিশ প্রদান করে কিংবা টেলিফোন করে যেকোনো সময় সম্মতি প্রত্যাহার করে নেওয়া যেতে পারে।

### প্রশ্ন। কোন ছাত্রী যদি গর্ভবতী হয় কিংবা সে যদি মনে করে সে হয়তোবা গর্ভবতী সেক্ষেত্রে কি টিকা দেওয়া উচিত হবে?

না। যে ছাত্রী গর্ভবতী কিংবা যদি সে মনে করে সে গর্ভবতী, তাহলে তাকে টিকা দেওয়া যাবে না। ক্লিনিকের দিন ভ্যাক্সিনেশন নার্স ছাত্রীদের জিজ্ঞাসা করবেন তারা গর্ভবতী কি না অথবা গর্ভবতী হওয়ার সম্ভাবনা আছে কি না। যদি কোন ছাত্রী এই প্রশ্নের উত্তরে হ্যাঁ সুচক জবাব দেয় তাহলে তাকে টিকা দেওয়া হবে না।

ঐ ছাত্রীকে বিষয়টি নিয়ে অবিলম্বে তার পিতামাতা/অভিভাবকের সাথে আলোচনা করতে এবং চিকিৎসা পরামর্শ নিতে বলা হবে। এছাড়াও তাকে কোন স্বাস্থ্য সেবায় যোগাযোগের বিস্তারিত দেওয়া হবে যারা তাকে পরামর্শ, সহায়তা এবং দিক নির্দেশনা দেবে।

### প্রশ্ন। নার্সরা যেদিন স্কুলে আসবেন সেদিন যদি অসুস্থতা কিংবা স্কুলে না যাওয়ার কারণে আমার সন্তান টিকা নিতে না পারে, সেক্ষেত্রে আমি কী করতে পারি?

যদি স্কুলে HPV এর ভ্যাকসিন বাদ পড়ে যায়, তাহলে যত দ্রুত সম্ভব পরবর্তীতে দিতে হবে। কিছু স্কুল ক্যাচ-আপ ক্লিনিকের আয়োজন করবে, আর যদি তা না করা হয় তাহলে টিকা দেওয়ার ব্যবস্থা করার জন্য অভিভাবকদের তাদের স্থানীয় জিপি বা ফার্মাসিস্টের সাথে যোগাযোগ করতে হবে।

### প্রশ্ন। আমি কীভাবে টিকার রেকর্ড দেখতে পারি?

আপনার বাচ্চার ভ্যাকসিন সংক্রান্ত তথ্য অস্ট্রেলিয়ান ইমিউনাইজেশন রেজিস্টার (AIR) এ আপলোড করা হবে, যাতে করে এটি আপনার বাচ্চার যে টিকার রেকর্ড আছে, তার সাথে যুক্ত করা যায়।

বাবা-মায়েরা তাদের সন্তানের বয়স ১৪ বছর হওয়া পর্যন্ত AIR ইমিউনাইজেশন হিস্ট্রি স্টেটমেন্ট এর একটি কপির জন্য আবেদন করতে পারেন, এবং ১৪ বছর এবং এর বেশি বয়সী শিক্ষার্থীরা নিম্নোক্ত উপায়ে তাদের নিজের ইমিউনাইজেশন হিস্ট্রি স্টেটমেন্ট এর জন্য অনুরোধ করতে পারেঃ

- myGov my.gov.au/ এর মাধ্যমে মেডিকেয়ার অনলাইন অ্যাকাউন্ট ব্যবহার করে
- মেডিকেয়ার এক্সপ্রেস প্লাস অ্যাপ ব্যবহার করে www.servicesaustralia.gov.au/express-plus-mobile-apps
- 1800 653 809 নম্বরে জেনারেল এনকোয়ারিস লাইনে AIR কে ফোন করে

### প্রশ্ন। আমার সন্তানের তথ্যের কী হবে?

অনুমতি পত্রে আপনি যে তথ্য প্রদান করেছেন তা নিউ সাউথ ওয়েলস এবং কমনওয়েলথ আইন অনুসারে কঠোর গোপনীয়তা এবং সুরক্ষা নিশ্চিত করা হবে (সংযুক্ত প্রাইভেসি স্টেটমেন্টটি দেখুন)।

এই তথ্য NSW হেলথ ইমিউনাইজেশন রেজিস্টারে লিপিবদ্ধ করার পর এটিকে অস্ট্রেলিয়ান ইমিউনাইজেশন রেজিস্টারে (AIR) আপলোড করা হবে যাতে করে এটিকে আপনার শিশুর বর্তমান টিকার রেকর্ডের সাথে সংযুক্ত করা যায় এবং মাইগভ ওয়েবসাইটে দেখা যায়।

যেসকল ছাত্রী HPV এর টিকা নিচ্ছে – এই সম্মতি পত্রে সই করার মাধ্যমে আপনি আপনার সন্তানের স্বাস্থ্য সংক্রান্ত তথ্য ভবিষ্যতে ন্যাশনাল সারভিক্যাল স্ক্রিনিং প্রোগ্রাম রেজিস্টারের সাথে সংযুক্তির উদ্দেশ্যে প্রকাশ করার জন্য সম্মতি প্রদান করছেন।.

### প্রশ্ন। কোথায় আমি স্কুল ভ্যাক্সিনেশন সম্পর্কে আরও তথ্য পেতে পারি?

অতিরিক্ত তথ্য পাওয়া যাবেঃ

- NSW হেলথ এর ওয়েবসাইট www.health.nsw.gov.au/schoolvaccination
- 1300 066 055 নম্বরে আপনার স্থানীয় গণস্বাস্থ্য ইউনিটের সাথে যোগাযোগ করে

# Human papillomavirus (HPV) vaccine Parent Information Sheet

October 2023 © NSW Health. SHPN (HP NSW) 230689-1-2

## টিকা নেওয়ার পর কী কী করণীয়

- এই রেকর্ডটি রেখে দিন, কারণ আপনাকে পরবর্তীতে এটি দিতে হতে পারে।
- আপনার সন্তানের টিকার তথ্য স্বয়ংক্রিয়ভাবে অস্ট্রেলিয়ান ইমিউনাইজেশন রেজিস্ট্রারে (AIR) আপলোড হয়ে যাবে। আপনি চাইলে আপনার জিপিকে টিকার তারিখটি জানিয়ে দিতে পারেন।

## ইনজেকশনের জায়গায় যদি কোন পার্শ্বপ্রতিক্রিয়া হয় তাহলে কী করতে হবে?

- ব্যাথা কমানোর জন্য ইঞ্জেকশনের জায়গায় একটি ঠাণ্ডা ভেজা কাপড় রেখে দিন।
- ব্যাথার জন্য প্যারাসিটামল খান।
- বাড়তি পানি পান করুন।

**যদি আপনার সন্তান এমন কোন পার্শ্ব প্রতিক্রিয়ায় ভুগে যা নিয়ে আপনি উদ্বিগ্ন তাহলে অনুগ্রহ করে আপনার স্থানীয় ডাক্তারের সাথে যোগাযোগ করুন।**

NSW GOVERNMENT


## টিকা নেওয়ার পর কী কী করণীয়

- এই রেকর্ডটি রেখে দিন, কারণ আপনাকে পরবর্তীতে এটি দিতে হতে পারে।
- আপনার সন্তানের টিকার তথ্য স্বয়ংক্রিয়ভাবে অস্ট্রেলিয়ান ইমিউনাইজেশন রেজিস্ট্রারে (AIR) আপলোড হয়ে যাবে। আপনি চাইলে আপনার জিপিকে টিকার তারিখটি জানিয়ে দিতে পারেন।

## ইনজেকশনের জায়গায় যদি কোন পার্শ্বপ্রতিক্রিয়া হয় তাহলে কী করতে হবে?

- ব্যাথা কমানোর জন্য ইঞ্জেকশনের জায়গায় একটি ঠাণ্ডা ভেজা কাপড় রেখে দিন।
- ব্যাথার জন্য প্যারাসিটামল খান।
- বাড়তি পানি পান করুন।

**যদি আপনার সন্তান এমন কোন পার্শ্ব প্রতিক্রিয়ায় ভুগে যা নিয়ে আপনি উদ্বিগ্ন তাহলে অনুগ্রহ করে আপনার স্থানীয় ডাক্তারের সাথে যোগাযোগ করুন।**

NSW GOVERNMENT


220730-2-2



# HPV এর টিকার জন্য সম্মতি

NSW GOVERNMENT

পিতামাতা/অভিভাবককে পূরণ করতে হবে। অনুগ্রহ করে **কালো** কিংবা **নীল** কালির কলম দিয়ে **বড় হাতের** অক্ষরে লিখুন।

## 1. শিক্ষার্থীর বিবরণ

পদবী

নামের প্রথম অংশ

জন্ম তারিখ ☐☐ / ☐☐ / 2 0 ☐☐

লিঙ্গ ☐ পুরুষ ☐ মহিলা ☐ অনির্ধারিত/ইন্টারসেক্স/অনির্দিষ্ট

শ্রেণী

স্কুলের নাম

মেডিকেয়ার নম্বর

☐ মেডিকেয়ার কার্ডে আপনার সন্তানের নামের পাশের নম্বর

## 2. আদিবাসীগত অবস্থান

☐ না ☐ হ্যাঁ, অ্যাবরিজিনাল ☐ হ্যাঁ, টরেস স্ট্রেইট আইল্যান্ডার ☐ হ্যাঁ, অ্যাবরিজিনাল এবং টরেস স্ট্রেইট আইল্যান্ডার উভয়ই

## 3. আপনার বিবরণ – পিতামাতা কিংবা আইনগত অভিভাবক

আমি HPV এর টিকার উপকারিতা এবং সম্ভাব্য পার্শ্ব প্রতিক্রিয়াগুলো সম্পর্কে প্রদত্ত তথ্য পড়েছি এবং বুঝতে পেরেছি।

এতদ্বারা আমি HPV ভ্যাকসিন উপরে উল্লিখিত নামের সন্তানকে সিঙ্গেল ডোজ ভ্যাকসিন দেয়ার জন্য সম্মতি দিচ্ছি, এবং ভবিষ্যতে ন্যাশনাল সারভিক্যাল স্ক্রিনিং প্রোগ্রাম রেজিস্ট্রারে আমার সন্তানের স্বাস্থ্য সংক্রান্ত তথ্য যুক্ত করার জন্য সম্মতি দিচ্ছি।

আমার জানা মতে আমি ঘোষণা করছি যে আমার সন্তানঃ

1. কোন টিকা নেওয়ার পর অ্যানাফিল্যাকটিক প্রতিক্রিয়ায় ভুগেনি।
2. সংযুক্ত প্যারেন্ট ইনফরমেশন শীটে (বাবা মায়েদের জন্য তথ্যপত্র) প্রদত্ত টিকার উপাদানগুলোর কোনোটির প্রতি অ্যানাফিল্যাকটিক সংবেদনশীলতা নেই।
3. গর্ভবতী নয়।

পিতামাতা/অভিভাবকের নাম (যেমন JOHN SMITH)

বাড়ির ঠিকানা (যেমন 5 SMITH LANE)

সাবার্ব

পোস্টকোড

মোবাইল নম্বর

যোগাযোগের জন্য সবচেয়ে উপযুক্ত বিকল্প নম্বর (এরিয়া কোড উল্লেখ করুন যেমন 02)

পিতামাতা/অভিভাবকের স্বাক্ষর

✕

তারিখ ☐☐ / ☐☐ / 2 0 ☐☐

HPV টিকার রেকর্ড

✍ পিতামাতা/অভিভাবককে পূরণ করতে হবে

**শিক্ষার্থীর নাম** (যেমন JANE SMITH)

শুধুমাত্র অফিসের ব্যবহারের জন্য

ডোজ 1

**হাত** বাম ডান

টিকা প্রদানের সময় (24ঘণ্টা) :

টিকার ব্যাচ নম্বর

নার্সের স্বাক্ষর ×

তারিখ / / 2 0

**নার্সের নোট**

টিকা না দেওয়ার কারণ

- ☐ অনুপস্থিত
- ☐ নিতে চায়নি
- ☐ অসুস্থ
- ☐ স্বাক্ষর নেই
- ☐ সম্মতি প্রত্যাহার করে নেওয়া হয়েছে
- ☐ অন্যান্য

**পিতামাতা/অভিভাবকদের জন্য** HPV টিকার রেকর্ড

HPV টিকার রেকর্ড

ডোজ 1

✍ পিতামাতা/অভিভাবককে পূরণ করতে হবে

**শিক্ষার্থীর নাম** (যেমন JANE SMITH)

শুধুমাত্র অফিসের ব্যবহারের জন্য

**হাত** বাম ডান

টিকা প্রদানের সময় (24ঘণ্টা) :

টিকার ব্যাচ নম্বর

নার্সের স্বাক্ষর ×

তারিখ / /

শুধুমাত্র উদাহরণ
সম্মতি পত্রটি
পূরণ করুন

# ডিপথেরিয়া, টিটেনাস এবং পারটুসিস (dTpa) এর টিকা

Diphtheria, tetanus and pertussis (dTpa) vaccine

NSW হেলথ স্কুল টিকাদান কর্মসূচীর আওতায় কিশোর কিশোরীদের জন্য ন্যাশনাল হেলথ এন্ড মেডিক্যাল রিসার্চ কাউন্সিল কর্তৃক সুপারিশকৃত ভ্যাকসিনগুলো প্রদান করে। এজন্য অবশ্যই বাবা-মা/ অভিভাবকদের স্বাক্ষরিত সম্মতি পত্র জমা দিতে হবে।

## আপনার পরবর্তী পদক্ষেপ

- এই তথ্যপত্রটি যত্নসহকারে পড়ুন।
- আপনি যদি আপনার সন্তানকে ডিপথেরিয়া, টিটেনাস এবং পারটুসিস এর টিকা দেওয়াতে চান, তাহলে কনসেন্ট ফর্ম বা সম্মতি পত্রটি পূরণ ও স্বাক্ষর করে তা স্কুলে ফেরত দেওয়ার জন্য আপনার সন্তানকে দিন।
- আপনি যদি আপনার সন্তানকে ডিপথেরিয়া, টিটেনাস এবং পারটুসিস এর টিকা দেওয়াতে **না** চান, তাহলে এই সম্মতি পত্রটি পূরণ করবেন **না** কিংবা ফেরত পাঠাবেন না।

## প্রশ্ন। ডিপথেরিয়া, টিটেনাস, পারটুসিস কী?

**ডিপথেরিয়া** একটি ছোঁয়াচে এবং সম্ভাব্য জীবননাশক ব্যাকটেরিয়া সংক্রমণ যা শ্বাসপ্রশ্বাসে মারাত্মক সমস্যা, হৃদযন্ত্রের ক্রিয়া বন্ধ হয়ে যাওয়া এবং স্নায়ুর ক্ষতির কারণ হতে পারে।

**টিটেনাস** স্নায়ুতন্ত্রের একটি গুরুতর এবং প্রায় ক্ষেত্রেই একটি মারাত্মক রোগ। রোগী মাংশপেশীর অত্যন্ত যন্ত্রণাদায়ক খিঁচুনিতে ভোগে, পেশী সঙ্কুচিত হয়ে তীব্র আলোড়ন তোলে এবং তার দাঁতে দাঁত লেগে যায়। টিটেনাসের জটিলতাগুলোর মধ্যে রয়েছে নিউমোনিয়া, হাড় ভেঙে যাওয়া (পেশীর খিচুনির কারণে), শ্বাসক্রিয়া বন্ধ হয়ে যাওয়া এবং হৃদক্রিয়া বন্ধ হয়ে যাওয়া।

**পারটুসিস** (হুপিং কফ) একটি অত্যন্ত ছোঁয়াচে ব্যাকটেরিয়াঘটিত রোগ যা দফায় দফায় কাশির সৃষ্টি করে। কিশোর কিশোরী এবং বড়দের ৩ মাস পর্যন্ত বিরক্তিকর কাশি থাকতে পারে। দফায় দফায় মারাত্মক কাশির কারণে বমি, পাঁজর ভেঙ্গে যাওয়া, ছোট রক্তনালীসমূহ ফেটে যাওয়া এবং হার্নিয়া হতে পারে। নবজাতক বাচ্চাদের ক্ষেত্রে যেসব জটিলতা দেখা দেয় সেগুলো হল নিউমোনিয়া, খিঁচুনি এবং মস্তিষ্ক ক্ষতিগ্রস্ত হওয়া (হাইপক্সিক এনসেফালোপ্যাথি)।

## প্রশ্ন। ডিপথেরিয়া, টিটেনাস, এবং পারটুসিস কীভাবে ছড়ায়?

**ডিপথেরিয়ার** ব্যাকটেরিয়া সংক্রমিত ব্যক্তির মুখ, নাক, গলা কিংবা চামড়ায় বাস করতে পারে। সংক্রমিত ব্যক্তি কাশি কিংবা হাঁচি দেওয়ার পর মানুষ সেই ব্যাকটেরিয়া শ্বাস প্রশ্বাসের সাথে নিয়ে ডিপথেরিয়ায় আক্রান্ত হতে পারে। এছাড়াও মানুষ সংক্রমিত ব্যক্তির মুখ, নাক, গলা কিংবা চামড়া থেকে নির্গত ছিটেফোঁটা থেকে ডিপথেরিয়ায় আক্রান্ত হতে পারে।

**টিটেনাস** (ধনুষ্টংকার) মাটিতে পাওয়া যায় এমন ব্যাকটেরিয়ার মাধ্যমে হয় এবং ছোট খাট কিংবা বড় কোন আঘাতের পর (কখনও কখনও চামড়ায় নজরে পড়ে না এমন কোন ক্ষত যা মাটি, ধুলো অথবা সারের দ্বারা দূষিত থাকে) এই সংক্রমন হতে পারে।

**কাশি কিংবা** হাঁচির ছিটেফোঁটা থেকে হুপিং কফ অন্যদের মধ্যে ছড়ায়। যদি চিকিৎসা করা না হয় তাহলে একজন হুপিং কফে আক্রান্ত ব্যক্তি কাশি শুরু হওয়ার পর ৩ সপ্তাহ পর্যন্ত অন্যদের মধ্যে তা ছড়িয়ে দিতে পারে।

## প্রশ্ন। টিকাগুলো কীভাবে কাজ করে?

নির্দিষ্ট কিছু সংক্রমণের বিরুদ্ধে লড়তে দেহের রোগ প্রতিরোধ ব্যবস্থাকে সক্রিয় করে তোলার মাধ্যমে টিকাগুলো কাজ করে। টিকা নিয়েছেন এমন কোন ব্যক্তি যদি এই সংক্রমণগুলোর সংস্পর্শে আসে তাহলে তাদের রোগ প্রতিরোধক ব্যবস্থা আরও কার্যকরভাবে সাড়া দিতে সক্ষম হয়, যেমন রোগটির বিস্তারে বাধা দেওয়া কিংবা এর তীব্রতা ব্যাপকভাবে কমিয়ে আনা।

## প্রশ্ন। এই টিকা কতটুকু কার্যকরী?

ডিপথেরিয়া এবং টিটেনাস প্রতিরোধের ক্ষেত্রে এই ভ্যাকসিন খুবই কার্যকরী এবং হুপিং কফ প্রতিরোধের ক্ষেত্রে প্রায় শতকরা ৮০ ভাগ কার্যকরী।

## প্রশ্ন। আমার সন্তানের সুরক্ষার জন্য কয় ডোজ টিকা দেয়া দরকার?

সাবালকত্বের প্রথম পর্যায়ে ডিপথেরিয়া, টিটেনাস এবং পারটুসিস থেকে রক্ষার জন্য এক ডোজ dTpa এর টিকা নেওয়া প্রয়োজন।

## প্রশ্ন। কাদের টিকা দিতে হবে?

ডিপথেরিয়া, টিটেনাস এবং হুপিং কফের বিরুদ্ধে সুরক্ষায় সকল কিশোর-কিশোরীদের ১ ডোজ dTpa টিকা নিতে হবে। শিশু বয়সে ডিপথেরিয়া-টিটেনাস-হুপিং কফের টিকা নেওয়ার পর এই বুস্টার ভ্যাকসিনটি পরিণত বয়সে শরীরের রোগ প্রতিরোধ ক্ষমতা বজায় রাখার জন্য জরুরী। যেসকল শিক্ষার্থী অতীতে ডিপথেরিয়া-টিটেনাস (ADT) এর টিকা নিয়েছিল তারা হুপিং কফ থেকে সুরক্ষার জন্যও dTpa এর টিকা নিতে পারে।

## প্রশ্ন। কাদের টিকা দেওয়া উচিৎ না?

dTpa এর টিকা দেওয়া উচিত নাঃ

- যাদের পূর্বের ডোজ টিকার পর অ্যানাফিলেক্সিস হয়েছিল
- যাদের টিকার কোন একটি উপাদান নেওয়ার পর অ্যানাফিলেক্সিস হয়েছিল (পরের পৃষ্ঠায় দেওয়া আছে)

## প্রশ্ন। আমি যদি আমার সন্তান বড় হওয়া পর্যন্ত অপেক্ষা করতে চাই?

আপনার বাচ্চা ইনটেনসিভ ইংলিশ সেন্টারে কিংবা ইয়ার ৭ এ থাকাকালীন সময়ে আপনি যখন স্বাক্ষর করা অনুমতি পত্রটি নিয়ে আসবেন কেবল তখনই স্কুলে dTpa এর টিকা দেওয়া যেতে পারে। আপনি যদি আপনার

সন্তানের আরও বড় হওয়া পর্যন্ত অপেক্ষা করতে চান তাহলে আপনাকে এটি দেওয়ার জন্য জিপির সাথে ব্যবস্থা করতে হবে।

## প্রশ্ন। টিকাগুলো কতটুকু নিরাপদ?

অস্ট্রেলিয়ায় ব্যবহৃত টিকা নিরাপদ এবং থেরাপিউটিক গুডস অ্যাডমিনিস্ট্রেশন (TGA) দ্বারা অনুমোদনের আগে এগুলোকে অবশ্যই যথাযথ নিরাপত্তা পরীক্ষায় পাস করতে হবে। এছাড়াও, একবার ব্যবহার শুরু হলে TGA টিকাগুলোর নিরাপত্তা পর্যবেক্ষণ করে।

## প্রশ্ন। ভ্যাকসিনটিতে কী কী সংমিশ্রন (অ্যাডিটিভ) রয়েছে?

এই ভ্যাকসিনটিতে অ্যালুমিনিয়াম হাইড্রক্সাইড এবং ফসফেট, সামান্য পরিমানে ফরমালডিহাইড, পলিসরবেইট ৮০ এবং গ্লাইসিন রয়েছে এবং এটি উৎপাদনের সময় গবাদি পশু থেকে প্রাপ্ত উপকরণের সংস্পর্শে এসেছিল।

## প্রশ্ন। টিকার পার্শ্ব প্রতিক্রিয়াগুলো কী কী?

পার্শ্বপ্রতিক্রিয়া সচরাচর মৃদু হয় এবং সাধারণত ইঞ্জেকশনের জায়গায় লালচে ভাব, ব্যথা এবং ফুলে যেতে পারে কিংবা জ্বর আসতে পারে। গুরুতর পার্শ্বপ্রতিক্রিয়া ঘটে খুবই কদাচিৎ।

www.health.nsw.gov.au/schoolvaccination ওয়েবসাইটের কনজিউমার মেডিসিন ইনফরমেশন (CMI) এ টিকাটির পার্শ্ব প্রতিক্রিয়া সম্পর্কে আরও তথ্য রয়েছে। বাবা-মায়েরা যদি টিকা দেওয়ার পরে এর পার্শ্ব প্রতিক্রিয়া নিয়ে চিন্তিত হন তাহলে তাদের উচিত জিপির সাথে যোগাযোগ করা যিনি স্থানীয় জনস্বাস্থ্য ইউনিটের জন্য একটি রিপোর্টও তৈরি করবেন।

## প্রশ্ন। অ্যানাফিল্যাক্সিস কী?

অ্যানাফিল্যাক্সিস একটি গুরুতর এলার্জি প্রতিক্রিয়া যা দ্রুত চিকিৎসা না দেওয়া হলে অচেতন হয়ে পড়া এবং মৃত্যুর কারণ হতে পারে। **যেকোনো টিকা দেওয়ার পর এই ধরণের ঘটনা *খুব কমই* ঘটে।** স্কুলের ইমিউনাইজেশন নার্সরা অ্যানাফিল্যাক্সিসের চিকিৎসা দেওয়ার ক্ষেত্রে পুরোপুরি প্রশিক্ষিত।

## প্রশ্ন। বাচ্চা অবস্থায় আমার সন্তান যদি পুরানো ট্রিপল অ্যান্টিজেন কিংবা DTP টিকায় পার্শ্বপ্রতিক্রিয়ায় ভুগে থাকে?

আগের টিকায় যদি না আপনার সন্তানের তাৎক্ষণিক তীব্র অ্যালার্জিক কিংবা আনাফিলেকটিক প্রতিক্রিয়া হয়ে থাকে তাহলে তার জন্য dTpa এর টিকা নেওয়া নিরাপদ।

## প্রশ্ন। আমার বাচ্চার যদি অ্যাজমা থাকে এবং যদি সে "পাফার" এর মাধ্যমে করটিসন কিংবা প্রেডনিসন নিয়ে থাকে তাহলে কী হবে?

একজন অ্যাজমা রোগী যেই ঔষধই নিক না কেন dTpa এর টিকা নিরাপদে দেওয়া যেতে পারে।

## প্রশ্ন। কারা টিকা প্রদানের জন্য সম্মতি দিতে পারে এবং এই সম্মতি কি প্রত্যাহার করা যেতে পারে?

১৮ বছরের কম বয়সী শিক্ষার্থীদের ক্ষেত্রে কেবল-বাবা মা কিংবা অভিভাবকরাই সম্মতি দিতে পারে। ১৮ বছর এবং এর বেশী বয়সী শিক্ষার্থীরা নিজেরাই নিজেদের টিকা নেওয়ায় সম্মতি দিতে পারে এবং সেক্ষেত্রে তাদেরকে সম্মতি পত্রটি পূরণ করে যেখানে বাবা-মা / অভিভাবক লেখা আছে সেখানে স্বাক্ষর করতে হবে। স্কুলকে লিখিতভাবে সম্মতি প্রত্যাহারের নোটিশ প্রদান করে কিংবা টেলিফোন করে যেকোনো সময় সম্মতি প্রত্যাহার করে নেওয়া যেতে পারে।

## প্রশ্ন। কোন ছাত্রী যদি গর্ভবতী হয় কিংবা সে যদি মনে করে সে হয়তোবা গর্ভবতী সেক্ষেত্রে কি টিকা দেওয়া উচিত হবে?

না। যে ছাত্রী গর্ভবতী কিংবা যদি সে মনে করে সে গর্ভবতী, তাহলে তাকে টিকা দেওয়া যাবে না। ক্লিনিকের দিন ভ্যাক্সিনেশন নার্স ছাত্রীদের জিজ্ঞাসা করবেন তারা গর্ভবতী কি না অথবা গর্ভবতী হওয়ার সম্ভাবনা আছে কি না। যদি কোন ছাত্রী এই প্রশ্নের উত্তরে হ্যাঁ সূচক জবাব দেয় তাহলে তাকে টিকা দেওয়া হবে না। ঐ ছাত্রীকে বিষয়টি নিয়ে অবিলম্বে তার পিতামাতা / অভিভাবকের সাথে আলোচনা করতে এবং চিকিৎসা পরামর্শ নিতে বলা হবে। এছাড়াও তাকে কোন স্বাস্থ্য সেবায় যোগাযোগের বিস্তারিত দেওয়া হবে যারা তাকে পরামর্শ, সহায়তা এবং দিক নির্দেশনা দেবে।

## প্রশ্ন। নার্সরা যেদিন স্কুলে আসবেন সেদিন যদি অসুস্থতা কিংবা স্কুলে না যাওয়ার কারণে আমার সন্তান টিকা নিতে না পারে, সেক্ষেত্রে আমি কী করতে পারি?

আপনাকে আপনার স্থানীয় ডাক্তারের সাথে যোগাযোগ করে আপনার সন্তানকে টিকা দেওয়ার ব্যবস্থা করতে হবে।

## প্রশ্ন। আমি কীভাবে টিকার রেকর্ড দেখতে পারি?

আপনার বাচ্চার ভ্যাকসিন সংক্রান্ত তথ্য অস্ট্রেলিয়ান ইমিউনাইজেশন রেজিস্টার (AIR) এ আপলোড করা হবে, যাতে করে এটি আপনার বাচ্চার যে টিকার রেকর্ড আছে, তার সাথে যুক্ত করা যায়।

বাবা-মায়েরা তাদের সন্তানের বয়স ১৪ বছর হওয়া পর্যন্ত AIR ইমিউনাইজেশন হিস্ট্রি স্টেটমেন্ট এর একটি কপির জন্য আবেদন করতে পারেন, এবং ১৪ বছর এবং এর বেশি বয়সী শিক্ষার্থীরা নিম্নোক্ত উপায়ে তাদের নিজের ইমিউনাইজেশন হিস্ট্রি স্টেটমেন্ট এর জন্য অনুরোধ করতে পারেঃ

- myGov my.gov.au/ এর মাধ্যমে মেডিকেয়ার অনলাইন অ্যাকাউন্ট ব্যবহার করে
- মেডিকেয়ার এক্সপ্রেস প্লাস অ্যাপ ব্যবহার করে www.humanservices.gov.au/individuals/subjects/express-plus-mobile-apps
- 1800 653 809 নম্বরে জেনারেল এনকোয়ারিস লাইনে AIR কে ফোন করে

## প্রশ্ন। আমার সন্তানের তথ্যের কী হবে?

অনুমতি পত্রে আপনি যে তথ্য প্রদান করেছেন তা নিউ সাউথ ওয়েলস এবং কমনওয়েলথ আইন অনুসারে কঠোর গোপনীয়তা এবং সুরক্ষা নিশ্চিত করা হবে (সংযুক্ত প্রাইভেসি স্টেটমেন্টটি দেখুন)। এই তথ্য NSW হেলথ ইমিউনাইজেশন রেজিস্টারে লিপিবদ্ধ করার পর এটিকে অস্ট্রেলিয়ান ইমিউনাইজেশন রেজিস্টারে (AIR) আপলোড করা হবে যাতে করে এটিকে আপনার শিশুর বর্তমান টিকার রেকর্ডের সাথে সংযুক্ত করা যায় এবং মাইগভ ওয়েবসাইটে দেখা যায়।

## প্রশ্ন। কোথায় আমি স্কুল ভ্যাক্সিনেশন সম্পর্কে আরও তথ্য পেতে পারি?

অতিরিক্ত তথ্য পাওয়া যাবেঃ

- NSW হেলথ এর ওয়েবসাইট www.health.nsw.gov.au/schoolvaccination
- 1300 066 055 নম্বরে আপনার স্থানীয় গণস্বাস্থ্য ইউনিটের সাথে যোগাযোগ করে

September 2022 © NSW Ministry of Health. SHPN (HP NSW) 220728-1-2

Bangla

# ডিপথেরিয়া, টিটেনাস এবং পারটুসিস (dTpa) এর টিকার জন্য সম্মতি

পিতামাতা/অভিভাবককে পূরণ করতে হবে। অনুগ্রহ করে **কালো** কিংবা **নীল** কালির কলম দিয়ে **বড় হাতের** অক্ষরে লিখুন।

## 1. শিক্ষার্থীর বিবরণ

পদবী

নামের প্রথম অংশ

জন্ম তারিখ __ __ / __ __ / 2 0 __ __

লিঙ্গ ☐ পুরুষ ☐ মহিলা ☐ অনির্ধারিত/ইন্টারসেক্স/অনির্দিষ্ট

শ্রেণী

স্কুলের নাম

মেডিকেয়ার নম্বর

☐ মেডিকেয়ার কার্ডে আপনার সন্তানের নামের পাশের নম্বর

## 2. আদিবাসীগত অবস্থান

☐ না ☐ হ্যাঁ, অ্যাবরিজিনাল ☐ হ্যাঁ, টরেস স্ট্রেইট আইল্যান্ডার ☐ হ্যাঁ, অ্যাবরিজিনাল এবং টরেস স্ট্রেইট আইল্যান্ডার উভয়ই

## 3. আপনার বিবরণ – পিতামাতা কিংবা আইনগত অভিভাবক

আমি ডিপথেরিয়া, টিটেনাস এবং পারটুসিস (dTpa) এর টিকার উপকারিতা এবং সম্ভাব্য পার্শ্ব প্রতিক্রিয়াগুলো সম্পর্কে প্রদত্ত তথ্য পড়েছি এবং বুঝতে পেরেছি।

এতদ্দারা আমি উপরে নাম উল্লেখিত আমার সন্তানকে ডিপথেরিয়া, টিটেনাস এবং পারটুসিস (dTpa) এর টিকা দেওয়ার জন্য সম্মতি প্রদান করছি।

আমার জানা মতে আমি ঘোষণা করছি যে আমার সন্তানঃ

1. কোন টিকা নেওয়ার পর অ্যানাফিল্যাকটিক প্রতিক্রিয়ায় ভুগেনি।
2. সংযুক্ত প্যারেন্ট ইনফরমেশন শীটে (বাবা মায়েদের জন্য তথ্যপত্র) প্রদত্ত টিকার উপাদানগুলোর কোনোটির প্রতি অ্যানাফিল্যাকটিক সংবেদনশীলতা নেই।
3. গর্ভবতী নয়।

পিতামাতা/অভিভাবকের নাম (যেমন JOHN SMITH)

বাড়ির ঠিকানা (যেমন 5 SMITH LANE)

সাবার্ব

পোস্টকোড

মোবাইল নম্বর

যোগাযোগের জন্য সবচেয়ে উপযুক্ত বিকল্প নম্বর (এরিয়া কোড উল্লেখ করুন যেমন 02)

পিতামাতা/অভিভাবকের স্বাক্ষর

✕

তারিখ __ __ / __ __ / 2 0 __ __

শুধুমাত্র উদাহরণ

সম্মতি পত্রটি ইংরেজিতে পূরণ করুন

220728-2-2

dTpa টিকার রেকর্ড

✍ পিতামাতা/অভিভাবককে পুরণ করতে হবে

**শিক্ষার্থীর নাম** (যেমন JANE SMITH)

শুধুমাত্র অফিসের ব্যবহারের জন্য

**হাত** ☐ বাম ☐ ডান

টিকা প্রদানের সময় (24ঘণ্টা) __ __ : __ __

টিকার ব্যাচ নম্বর

নার্সের স্বাক্ষর ×

তারিখ __ __ / __ __ 2 0 __ __

**নার্সের নোট**

টিকা না দেওয়ার কারণ

- ☐ অনুপস্থিত
- ☐ নিতে চায়নি
- ☐ অসুস্থ
- ☐ স্বাক্ষর নেই
- ☐ সম্মতি প্রত্যাহার করে নেওয়া হয়েছে
- ☐ অন্যান্য

# পিতামাতা/অভিভাবকদের জন্য

ডিপথেরিয়া, টিটেনাস এবং পারটুসিস (dTpa) এর টিকার রেকর্ড

## dTpa টিকার রেকর্ড

✍ পিতামাতা/অভিভাবককে পুরণ করতে হবে

**শিক্ষার্থীর নাম** (যেমন JANE SMITH)

শুধুমাত্র অফিসের ব্যবহারের জন্য

**হাত** ☐ বাম ☐ ডান

টিকা প্রদানের সময় (24ঘণ্টা) __ __ : __ __

টিকার ব্যাচ নম্বর

নার্সের স্বাক্ষর ×

তারিখ __ __ / __ __ 2 0 __ __

## টিকা নেওয়ার পর কী কী করণীয়

- এই রেকর্ডটি রেখে দিন, কারণ আপনাকে পরবর্তীতে এটি দিতে হতে পারে।
- আপনার সন্তানের টিকার তথ্য স্বয়ংক্রিয়ভাবে অস্ট্রেলিয়ান ইমিউনাইজেশন রেজিস্টারে (AIR) আপলোড হয়ে যাবে। আপনি চাইলে আপনার জিপিকে টিকার তারিখটি জানিয়ে দিতে পারেন।

## ইনজেকশনের জায়গায় যদি কোন পার্শ্বপ্রতিক্রিয়া হয় তাহলে কী করতে হবে?

- ব্যাথা কমানোর জন্য ইঞ্জেকশনের জায়গায় একটি ঠাণ্ডা ভেজা কাপড় রেখে দিন।
- ব্যাথার জন্য প্যারাসিটামল খান।
- বাড়তি পানি পান করুন।

**যদি আপনার সন্তান এমন কোন পার্শ্ব প্রতিক্রিয়ায় ভুগে যা নিয়ে আপনি উদ্বিগ্ন তাহলে অনুগ্রহ করে আপনার স্থানীয় ডাক্তারের সাথে যোগাযোগ করুন।**

NSW GOVERNMENT

শুধুমাত্র উদাহরণ
সম্মতি ফর্মটি ইংরেজিতে পূরণ করুন

# ভ্যারিসেলার (জলবসন্ত) টিকা

Varicella (chickenpox) vaccine

NSW হেলথ স্কুল টিকাদান কর্মসূচীর আওতায় কিশোর কিশোরীদের জন্য ন্যাশনাল হেলথ এন্ড মেডিক্যাল রিসার্চ কাউন্সিল কর্তৃক সুপারিশকৃত ভ্যাকসিনগুলো প্রদান করে। এজন্য অবশ্যই বাবা-মা/ অভিভাবকদের স্বাক্ষরিত সম্মতি পত্র জমা দিতে হবে।

## আপনার পরবর্তী পদক্ষেপ

- এই তথ্যপত্রটি যত্নসহকারে পড়ুন।
- আপনি যদি আপনার সন্তানকে ভ্যারিসেলার টিকা দেওয়াতে চান, তাহলে সম্মতি ফর্মটি পূরণ ও স্বাক্ষর করে তা স্কুলে ফেরত দেওয়ার জন্য আপনার সন্তানকে দিন।
- আপনি যদি আপনার সন্তানকে ভ্যারিসেলার টিকা দেওয়াতে **না** চান, তাহলে এই সম্মতি পত্রটি পূরণ করবেন **না** কিংবা ফেরত পাঠাবেন না।

## প্রশ্ন। ভ্যারিসেলা (জলবসন্ত) কী?

জলবসন্ত, ভ্যারিসেলা - জোসটার ভাইরাসের কারণে সংঘটিত একটি অত্যন্ত সংক্রামক ব্যাধি। সাধারণত এটি স্বাস্থ্যবান বাচ্চাদের ক্ষণস্থায়ী হাল্কা ধরণের রোগ যার উপসর্গগুলোর মধ্যে রয়েছে সামান্য জ্বর, সর্দি, সাধারণভাবে অসুস্থ বোধ করা এবং ত্বকে ফুসকুড়ি হওয়া যা ফোস্কায় পরিণত হয়। তবে প্রাপ্ত বয়স্কদের ক্ষেত্রে এটি আরও গুরুতর আকার ধারণ করে এবং রোগ প্রতিরোধ ক্ষমতা নেই এমন ব্যক্তিদের ক্ষেত্রে এটি মারাত্মক, এমনকি প্রাণঘাতী অসুস্থতা সৃষ্টি করতে পারে। ৪০০০ জনে একজনের ক্ষেত্রে হঠাৎ করে পেশি অসাড় হয়ে যাবে (একিউট সেরিবেলার অ্যাটাক্সিয়া)। আর ১০০,০০০ রোগীর মধ্যে একজনের মস্তিষ্কে প্রদাহ (এন্সেফ্যালাইটিস) হবে। গর্ভাবস্থায় সংক্রমিত হলে বাচ্চার ত্বকে ক্ষতচিহ্ন এবং অঙ্গ বৈকল্য সহ জন্মগত অস্বাভাবিকতা দেখা দিতে পারে।

## প্রশ্ন। জলবসন্ত কীভাবে ছড়ায়?

জলবসন্ত প্রাথমিক পর্যায়ে কাশির মাধ্যমে ছড়ায়। পরবর্তী পর্যায়ে ফোস্কার পানির সরাসরি সংস্পর্শে আসলে ভাইরাসটি ছড়ায়। যাদের এর আগে কখনও জলবসন্ত হয়নি কিংবা যাদের এর টিকা দেওয়া হয়নি তাদের জন্য এই সংক্রমণ অত্যন্ত ছোঁয়াচে হয়। ফুসকুড়ি দেখা দেওয়ার এক কিংবা দুই দিন আগে থেকে (অর্থাৎ যখন সর্দি থাকে) এবং পাঁচ দিন পর পর্যন্ত (যখন ফোস্কাগুলোর শক্ত আবরণ কিংবা খোসা তৈরি হয়) মানুষ সংক্রামক থাকে।

## প্রশ্ন। টিকাগুলো কীভাবে কাজ করে?

নির্দিষ্ট কিছু সংক্রমণের বিরুদ্ধে লড়তে দেহের রোগ প্রতিরোধ ব্যবস্থাকে সক্রিয় করে তোলার মাধ্যমে টিকাগুলো কাজ করে। টিকা নিয়েছেন এমন কোন ব্যক্তি যদি এই সংক্রমণগুলোর সংস্পর্শে আসে তাহলে তাদের রোগ প্রতিরোধক ব্যবস্থা আরও কার্যকরভাবে সাড়া দিতে সক্ষম হয়, যেমন রোগটির বিস্তারে বাধা দেওয়া কিংবা এর তীব্রতা ব্যাপকভাবে কমিয়ে আনা।

## প্রশ্ন। টিকাটি কতটুকু কার্যকর?

জলবসন্ত টিকার একটি ডোজ জলবসন্ত প্রতিরোধে শতকরা ৮০ থেকে ৮৫ ভাগ কার্যকর এবং গুরুতর রোগের বিরুদ্ধে খুবই কার্যকর।

## প্রশ্ন। কাদের টিকা দিতে হবে?

সর্বোচ্চ ১৪ বছর বয়সী শিক্ষার্থীদের জলবসন্ত টিকার একটি একক ডোজ নেওয়া উচিৎ, যদিনা তাদের পূর্বেই এই টিকা দেওয়া হয়ে থাকে (সাধারণত ১৮ মাস বয়সে) কিংবা যাদের জলবসন্ত হয়েছিল। ১৪ বছর এবং এর বেশী বয়সী শিক্ষার্থীদের অন্তত ১ থেকে ২ মাসের ব্যবধানে ডাক্তারের মাধ্যমে দুই ডোজ জলবসন্তের টিকা দেওয়া আবশ্যক

## প্রশ্ন। কাদের টিকা দেওয়া উচিৎ না?

তাদের জলবসন্তের টিকা দেওয়া উচিত না যারা বা যাদের ঃ

- পূর্বের ডোজ টিকার পর অ্যানাফিলেক্সিস হয়েছিল
- টিকার কোন একটি উপাদান নেওয়ার পর অ্যানাফিলেক্সিস হয়েছিল (পরের পৃষ্ঠায় দেওয়া আছে)
- গর্ভবতী (টিকা নেওয়ার পর ২৮ দিন পর্যন্ত গর্ভাবস্থা এড়িয়ে চলা উচিত)
- পূর্ববর্তী ১২ মাসের মধ্যে রক্ত পরিবর্তন করেছে/ইমিউনোগ্লোব্যুলিন ইনজেকশন নিয়েছে
- গত ৪ সপ্তাহের মধ্যে একটি লাইভ ভ্যাকসিন নিয়েছে (যেমন MMR (হাম, গলা ফোলা এবং রুবেলা), BCG (যক্ষ্মা) কিংবা পীতজ্বর)
- রোগ প্রতিরোধ ক্ষমতা দুর্বল অর্থাৎ
  - i. HIV/AIDS এ আক্রান্ত ব্যক্তি
  - ii. যারা উচ্চমাত্রার ইমিউনোসাপ্রেসিভ চিকিৎসা নিচ্ছেন, যেমন কেমোথেরাপি, রেডিয়েশন থেরাপি কিংবা মুখের মাধ্যমে উচ্চমাত্রার করটিকোস্টেরয়েডস
  - iii. যাদের রোগ প্রতিরোধ ক্ষমতা গুরুতরভাবে সংকটাপন্ন যেমন লিম্ফোমা, লিউকেমিয়া কিংবা সাধারণ ক্যান্সার।

## প্রশ্ন। অ্যানাফিল্যাক্সিস কী?

অ্যানাফিল্যাক্সিস একটি গুরুতর এলার্জি প্রতিক্রিয়া যা দ্রুত চিকিৎসা না দেওয়া হলে অচেতন হয়ে পড়া এবং মৃত্যুর কারণ হতে পারে। **যেকোনো টিকা প্রদানের পর এই ধরণের ঘটনা *খুব কমই* ঘটে।** স্কুলের ইমিউনাইজেশন নার্সরা অ্যানাফিল্যাক্সিসের চিকিৎসা দেওয়ার ক্ষেত্রে পুরোপুরি প্রশিক্ষিত।

## প্রশ্ন। আমার কাছে যদি কোনো রেকর্ড না থাকে কিংবা আমি যদি মনে করতে না পারি যে আমার সন্তানের ইতিমধ্যে জলবসন্ত হয়েছিল কিনা কিংবা জলবসন্তের টিকা নিয়েছিল কিনা?

শিশু এবং প্রাপ্ত বয়স্কদের ক্ষেত্রে এর আগে জলবসন্ত হয়েছিল কিনা তা যদি জানা না যায়, অথবা পূর্বে জলবসন্ত টিকা নেয়ার প্রমাণাদি না থাকে, তাহলেও তাদেরকে নিরাপদে জলবসন্তের টিকা দেওয়া যেতে পারে।

## প্রশ্ন। জলবসন্তের টিকায় কী কী অ্যাডিটিভ রয়েছে?

এই ভ্যাকসিনটিতে সুক্রোজ, হাইড্রলাইজড পরচাইন জেলেটিন, ইউরিয়া, মনোসোডিয়াম গ্লুটামেইট, MRC-5 কোষের অবশিষ্ট উপাদান, সামান্য পরিমানে নিওমাইসিন এবং গবাদি পশুর সিরাম রয়েছে। অত্যন্ত স্বল্পমাত্রায় এই অ্যাডিটিভগুলো দেওয়া হয়ে থাকে যাতে করে ভ্যাকসিনগুলো কার্যকরী হয় কিংবা সংরক্ষণে সাহায্য করে। টিকাটি উৎপাদনের সময় গবাদি পশু থেকে প্রাপ্ত উপকরণের সংস্পর্শে এসেছিল।

## প্রশ্ন। টিকাগুলো কতটুকু নিরাপদ?

অস্ট্রেলিয়ায় ব্যবহৃত টিকা নিরাপদ এবং থেরাপিউটিক গুডস অ্যাডমিনিস্ট্রেশন (TGA) দ্বারা অনুমোদনের আগে এগুলোকে অবশ্যই যথাযথ নিরাপত্তা পরীক্ষায় পাস করতে হবে। এছাড়াও, একবার ব্যবহার শুরু হলে TGA টিকাগুলোর নিরাপত্তা পর্যবেক্ষণ করে।

## প্রশ্ন। জলবসন্ত টিকার পার্শ্বপ্রতিক্রিয়াগুলো কী কী?

পার্শ্বপ্রতিক্রিয়া সচরাচর মৃদু হয় এবং সাধারণত ইঞ্জেকশনের জায়গায় লালচে ভাব, ব্যথা এবং ফুলে যেতে পারে কিংবা জ্বর আসতে পারে। গুরুতর পার্শ্বপ্রতিক্রিয়া ঘটে খুবই কদাচিৎ www.health.nsw.gov.au/schoolvaccination ওয়েবসাইটের কনজিউমার মেডিসিন ইনফরমেশন (CMI) এ টিকাটির পার্শ্ব প্রতিক্রিয়া সম্পর্কে আরও তথ্য রয়েছে। বাবা-মায়েরা যদি টিকা দেওয়ার পরে এর পার্শ্ব প্রতিক্রিয়া নিয়ে চিন্তিত হন তাহলে তাদের উচিত জিপির সাথে যোগাযোগ করা যিনি স্থানীয় জনস্বাস্থ্য ইউনিটের জন্য একটি রিপোর্টও তৈরি করবেন।

## প্রশ্ন। কোন ছাত্রী যদি গর্ভবতী হয় কিংবা সে যদি মনে করে সে হয়তোবা গর্ভবতী সেক্ষেত্রে কি টিকা দেওয়া উচিত হবে?

না। যে ছাত্রী গর্ভবতী কিংবা যদি সে মনে করে সে গর্ভবতী, তাহলে তাকে টিকা দেওয়া যাবে না। ক্লিনিকের দিন ভ্যাক্সিনেশন নার্স ছাত্রীদের জিজ্ঞাসা করবেন তারা গর্ভবতী কি না অথবা গর্ভবতী হওয়ার সম্ভাবনা আছে কি না। যদি কোন ছাত্রী এই প্রশ্নের উত্তরে হ্যাঁ সূচক জবাব দেয় তাহলে তাকে টিকা দেওয়া হবে না। ঐ ছাত্রীকে বিষয়টি নিয়ে অবিলম্বে তার পিতামাতা / অভিভাবকের সাথে আলোচনা করতে এবং চিকিৎসা পরামর্শ নিতে বলা হবে। এছাড়াও তাকে কোন স্বাস্থ্য সেবায় যোগাযোগের বিস্তারিত দেওয়া হবে যারা তাকে পরামর্শ, সহায়তা এবং দিক নির্দেশনা দেবে।

**যেসকল ছাত্রী জলবসন্তের টিকা নিয়েছে তাদের টিকা নেওয়ার পর ২৮ দিন পর্যন্ত গর্ভবতী হওয়া উচিত হবে না।**

## প্রশ্ন। আমার বাচ্চার যদি অ্যাজমা থাকে এবং যদি সে “পাফার” এর মাধ্যমে করটিসন কিংবা প্রেডনিসন নিয়ে থাকে তাহলে কী হবে?

একজন অ্যাজমা রোগী যে ঔষধই নিক না কেন, তাকে জলবসন্তের টিকা নিরাপদে দেওয়া যেতে পারে।

## প্রশ্ন। আমি কি আমার সম্মতি প্রত্যাহার করে নিতে পারি?

স্কুলকে লিখিতভাবে নোটিশ প্রদান করে কিংবা টেলিফোন করে যেকোনো সময় সম্মতি প্রত্যাহার করে নেওয়া যেতে পারে।

## প্রশ্ন। নার্সরা যেদিন স্কুলে আসবেন সেদিন যদি অসুস্থতা কিংবা স্কুলে না যাওয়ার কারণে আমার সন্তান টিকা নিতে না পারে, সেক্ষেত্রে আমি কী করতে পারি?

আপনাকে আপনার স্থানীয় ডাক্তারের সাথে যোগাযোগ করে আপনার সন্তানকে টিকা দেওয়ার ব্যবস্থা করতে হবে।

## প্রশ্ন। আমি কীভাবে টিকার রেকর্ড দেখতে পারি?

আপনার বাচ্চার ভ্যাকসিন সংক্রান্ত তথ্য অস্ট্রেলিয়ান ইমিউনাইজেশন রেজিস্টার (AIR) এ আপলোড করা হবে, যাতে করে এটি আপনার বাচ্চার যে টিকার রেকর্ড আছে, তার সাথে যুক্ত করা যায়।

বাবা-মায়েরা তাদের সন্তানের বয়স ১৪ বছর হওয়া পর্যন্ত AIR ইমিউনাইজেশন হিস্ট্রি স্টেটমেন্ট এর একটি কপির জন্য আবেদন করতে পারেন, এবং ১৪ বছর এবং এর বেশি বয়সী শিক্ষার্থীরা নিম্নোক্ত উপায়ে তাদের নিজের ইমিউনাইজেশন হিস্ট্রি স্টেটমেন্ট এর জন্য অনুরোধ করতে পারেঃ

- myGov my.gov.au/ এর মাধ্যমে মেডিকেয়ার অনলাইন অ্যাকাউন্ট ব্যবহার করে
- মেডিকেয়ার এক্সপ্রেস প্লাস অ্যাপ ব্যবহার করে www.humanservices.gov.au/individuals/subjects/express-plus-mobile-apps
- 1800 653 809 নম্বরে জেনারেল এনকোয়ারিস লাইনে AIR কে ফোন করে

## প্রশ্ন। আমার সন্তানের তথ্যের কী হবে?

অনুমতি পত্রে আপনি যে তথ্য প্রদান করেছেন তা নিউ সাউথ ওয়েলস এবং কমনওয়েলথ আইন অনুসারে কঠোর গোপনীয়তা এবং সুরক্ষা নিশ্চিত করা হবে (সংযুক্ত প্রাইভেসি স্টেটমেন্টটি দেখুন)। এই তথ্য NSW হেলথ ইমিউনাইজেশন রেজিস্টারে লিপিবদ্ধ করার পর এটিকে অস্ট্রেলিয়ান ইমিউনাইজেশন রেজিস্টারে (AIR) আপলোড করা হবে যাতে করে এটিকে আপনার শিশুর বর্তমান টিকার রেকর্ডের সাথে সংযুক্ত করা যায় এবং মাইগভ ওয়েবসাইটে দেখা যায়।

## প্রশ্ন। কোথায় আমি স্কুল ভ্যাক্সিনেশন সম্পর্কে আরও তথ্য পেতে পারি?

অতিরিক্ত তথ্য পাওয়া যাবেঃ

- NSW হেলথ এর ওয়েবসাইট www.health.nsw.gov.au/schoolvaccination
- 1300 066 055 নম্বরে আপনার স্থানীয় গণস্বাস্থ্য ইউনিটের সাথে যোগাযোগ করে

September 2022 © NSW Ministry of Health. SHPN (HP NSW) 220733-1-2

Bangla

# ভ্যারিসেলা (জলবসন্ত) এর টিকার জন্য সম্মতি

NSW GOVERNMENT

পিতামাতা/অভিভাবককে পূরণ করতে হবে। অনুগ্রহ করে **কালো** কিংবা **নীল** কালির কলম দিয়ে **বড় হাতের** অক্ষরে লিখুন।

## 1. শিক্ষার্থীর বিবরণ

পদবী

নামের প্রথম অংশ

জন্ম তারিখ __ __ / __ __ / 2 0 __ __

লিঙ্গ ☐ পুরুষ ☐ মহিলা ☐ অনির্ধারিত/ইন্টারসেক্স/অনির্দিষ্ট

শ্রেণী

স্কুলের নাম

মেডিকেয়ার নম্বর

☐ মেডিকেয়ার কার্ডে আপনার সন্তানের নামের পাশের নম্বর

## 2. আদিবাসীগত অবস্থান

☐ না ☐ হ্যাঁ, অ্যাবরিজিনাল ☐ হ্যাঁ, টরেস স্ট্রেইট আইল্যান্ডার ☐ হ্যাঁ, অ্যাবরিজিনাল এবং টরেস স্ট্রেইট আইল্যান্ডার উভয়ই

## 3. আপনার বিবরণ – পিতামাতা কিংবা আইনগত অভিভাবক

আমি ভ্যারিসেলার টিকার উপকারিতা এবং সম্ভাব্য পার্শ্ব প্রতিক্রিয়াগুলো সম্পর্কে প্রদত্ত তথ্য পড়েছি এবং বুঝতে পেরেছি।

এতদ্দ্বারা আমি উপরে নাম উল্লেখিত আমার সন্তানকে ভ্যারিসেলার এক ডোজ টিকা দেওয়ার জন্য সম্মতি প্রদান করছি।

আমার জানা মতে আমি ঘোষণা করছি যে আমার সন্তানঃ

1. কোন টিকা নেওয়ার পর অ্যানাফিল্যাকটিক প্রতিক্রিয়ায় ভুগেনি।
2. সংযুক্ত প্যারেন্ট ইনফরমেশন শীটে (বাবা মায়েদের জন্য তথ্যপত্রে) প্রদত্ত টিকার উপাদানগুলোর কোনোটির প্রতি অ্যানাফিল্যাকটিক সংবেদনশীলতা নেই।
3. গর্ভবতী নয়।

পিতামাতা/অভিভাবকের নাম (যেমন JOHN SMITH)

বাড়ির ঠিকানা (যেমন 5 SMITH LANE)

সাবার্ব

পোস্টকোড

মোবাইল নম্বর

যোগাযোগের জন্য সবচেয়ে উপযুক্ত বিকল্প নম্বর (এরিয়া কোড উল্লেখ করুন যেমন 02)

পিতামাতা/অভিভাবকের স্বাক্ষর

×

তারিখ __ __ / __ __ / 2 0 __ __

NSW GOVERNMENT

220733-2-2

শুধুমাত্র উদাহরণ
সম্মতি পত্রটি ইংরেজিতে পূরণ করুন

## ভ্যারিসেলা (জলবসন্ত) টিকার রেকর্ড

✍ পিতামাতা/অভিভাবককে পূরণ করতে হবে

**শিক্ষার্থীর নাম** (যেমন JANE SMITH)

### শুধুমাত্র অফিসের ব্যবহারের জন্য

**হাত** ☐ বাম ☐ ডান

টিকা প্রদানের সময় (24ঘণ্টা) __ __ : __ __

টিকার ব্যাচ নম্বর

নার্সের স্বাক্ষর ✕

তারিখ __ __ / __ __ 2 0 __ __

**নার্সের নোট**

টিকা না দেওয়ার কারণ

- ☐ অনুপস্থিত
- ☐ নিতে চায়নি
- ☐ অসুস্থ
- ☐ স্বাক্ষর নেই
- ☐ সম্মতি প্রত্যাহার করে নেওয়া হয়েছে
- ☐ অন্যান্য

## **পিতামাতা/অভিভাবকদের জন্য** ভ্যারিসেলা (জলবসন্ত) টিকার রেকর্ড

### ভ্যারিসেলা (জলবসন্ত) টিকার রেকর্ড

✍ পিতামাতা/অভিভাবককে পূরণ করতে হবে

**শিক্ষার্থীর নাম** (যেমন JANE SMITH)

### শুধুমাত্র অফিসের ব্যবহারের জন্য

**হাত** ☐ বাম ☐ ডান

টিকা প্রদানের সময় (24ঘণ্টা) __ __ : __ __

টিকার ব্যাচ নম্বর

নার্সের স্বাক্ষর ✕

তারিখ __ __ / __ __ 2 0 __ __

### টিকা নেওয়ার পর কী কী করণীয়

- এই রেকর্ডটি রেখে দিন, কারণ আপনাকে পরবর্তীতে এটি দিতে হতে পারে।
- আপনার সন্তানের টিকার তথ্য স্বয়ংক্রিয়ভাবে অস্ট্রেলিয়ান ইমিউনাইজেশন রেজিস্টারে (AIR) আপলোড হয়ে যাবে। আপনি চাইলে আপনার জিপিকে টিকার তারিখটি জানিয়ে দিতে পারেন।

### ইনজেকশনের জায়গায় যদি কোন পার্শ্বপ্রতিক্রিয়া হয় তাহলে কী করতে হবে?

- ব্যাথা কমানোর জন্য ইঞ্জেকশনের জায়গায় একটি ঠাণ্ডা ভেজা কাপড় রেখে দিন।
- ব্যাথার জন্য প্যারাসিটামল খান।
- বাড়তি পানি পান করুন।

**যদি আপনার সন্তান এমন কোন পার্শ্ব প্রতিক্রিয়ায় ভুগে যা নিয়ে আপনি উদ্বিগ্ন তাহলে অনুগ্রহ করে আপনার স্থানীয় ডাক্তারের সাথে যোগাযোগ করুন।**

NSW GOVERNMENT

শুধুমাত্র উদাহরণ
সম্মতি ফর্মটি ইংরেজিতে পূরণ করুন

NSW GOVERNMENT

# হেপাটাইটিস B এর টিকা

Hepatitis B vaccine

NSW হেলথ স্কুল টিকাদান কর্মসূচীর আওতায় কিশোর কিশোরীদের জন্য ন্যাশনাল হেলথ এন্ড মেডিক্যাল রিসার্চ কাউন্সিল কর্তৃক সুপারিশকৃত ভ্যাকসিনগুলো প্রদান করে। এজন্য অবশ্যই বাবা-মা/ অভিভাবকদের স্বাক্ষরিত সম্মতি পত্র জমা দিতে হবে।

## আপনার পরবর্তী পদক্ষেপ

- এই তথ্যপত্রটি যত্নসহকারে পড়ুন।
- আপনি যদি আপনার সন্তানকে হেপাটাইটিস B এর টিকা দেওয়াতে চান, তাহলে সম্মতি ফর্মটি পূরণ ও স্বাক্ষর করে তা স্কুলে ফেরত দেওয়ার জন্য আপনার সন্তানকে দিন।
- আপনি যদি আপনার সন্তানকে হেপাটাইটিস B এর টিকা দেওয়াতে **না** চান, তাহলে এই সম্মতি পত্রটি পূরণ করবেন **না** কিংবা ফেরত পাঠাবেন না।

## প্রশ্ন। হেপাটাইটিস B রোগটি কী?

হেপাটাইটিস B একটি ভাইরাসজনিত রোগ যার ফলে জ্বর, জন্ডিস এবং সাধারনভাবে অসুস্থ বোধ করার মত উপসর্গ দেখা দেয় এবং শেষ পর্যন্ত যা লিভারে সিরোসিস কিংবা ক্যান্সারে রূপ নিতে পারে। কিছু কিছু লোক হেপাটাইটিস B তে আক্রান্ত হলেও তারা তা বুঝতে পারে না। এই লোকেরা নিজেদের অজান্তেই রোগটি অন্যদের মধ্যে ছড়িয়ে দিতে পারে।

## প্রশ্ন। হেপাটাইটিস B কীভাবে ছড়ায়?

- জন্মের সময় আক্রান্ত মায়ের কাছ থেকে এবং বুকের দুধ খাওয়ানোর সময়
- সাধারণত খোলা ঘা অথবা ক্ষতের সংস্পর্শে এক শিশু থেকে অন্য শিশুর শরীরে
- অরক্ষিত যৌন সম্পর্কের মাধ্যমে
- সুচ বিদ্ধ হয়ে আঘাতপ্রাপ্ত হলে
- জীবাণুমুক্ত করা হয়নি এমন সরঞ্জাম দিয়ে উল্কি কিংবা অঙ্গছেদ করলে
- একজনের ইঞ্জেকশনের সরঞ্জাম অন্যজন ব্যবহার করলে

## প্রশ্ন। টিকাগুলো কীভাবে কাজ করে?

নির্দিষ্ট কিছু সংক্রমণের বিরুদ্ধে লড়তে দেহের রোগ প্রতিরোধ ব্যবস্থাকে সক্রিয় করে তোলার মাধ্যমে টিকাগুলো কাজ করে। টিকা নিয়েছেন এমন কোন ব্যক্তি যদি এই সংক্রমণগুলোর সংস্পর্শে আসে তাহলে তাদের রোগ প্রতিরোধক ব্যবস্থা আরও কার্যকরভাবে সাড়া দিতে সক্ষম হয়, যেমন রোগটির বিস্তারে বাধা দেওয়া কিংবা এর তীব্রতা ব্যাপকভাবে কমিয়ে আনা।

## প্রশ্ন। এই টিকা কতটুকু কার্যকরী?

হেপাটাইটিস B এর বিরুদ্ধে সুরক্ষা পেতে হেপাটাইটিস B ভ্যাকসিন খুবই কার্যকরী।

## প্রশ্ন। এই কোর্সের জন্য কতগুলো ডোজের প্রয়োজন হয়?

ইনটেনসিভ ইংলিশ সেন্টারে হেপাটাইটিস B এর টিকা ২ ডোজ কোর্সে দেওয়া হবে যেখানে দ্বিতীয় ডোজটি দেওয়া হয় প্রথমটির ৪ থেকে ৬ মাস পর।

## প্রশ্ন। আমার সন্তান যদি হেপাটাইটিস B এর কেবল এক ডোজ টিকা নিয়ে থাকে তাহলে কি সে এই রোগের বিরুদ্ধে সুরক্ষিত থাকবে?

না। হেপাটাইটিস B থেকে সুরক্ষা পেতে হলে কিশোর কিশোরীদের (যাদের বয়স ১১ থেকে ১৫ বছরের মধ্যে) প্রাপ্তবয়স্কদের মাত্রায় ২ ডোজ টিকা নিতে হবে।

## প্রশ্ন। কাদের টিকা দিতে হবে?

**11 থেকে 15 বছর বয়সী** সকল শিক্ষার্থীদেরই **প্রাপ্তবয়স্ক অনুপাতে ২ ডোজ** হেপাটাইটিস B এর টিকা নেওয়া উচিৎ, যদি না তারা ইতিমধ্যে শিশু / বাচ্চা বয়সে এই টিকার একটি কোর্স পেয়ে থাকে।

**16 বছর এবং তদূর্ধ্ব বয়সী শিক্ষার্থীদের ৩ পেডিয়াট্রিক ডোজ** টিকা নেওয়া উচিত। প্রথম দুটি ডোজ স্কুলে দেওয়া যেতে পারে এবং এরপর কোর্সটি সম্পূর্ণ করার জন্য জিপির কাছে নিয়ে যাওয়ার জন্য একটি চিঠি দেওয়া হবে।

## প্রশ্ন। কাদের টিকা দেওয়া উচিৎ না?

তাদের হেপাটাইটিস B এর টিকা দেওয়া উচিৎ না যারা বা যাদের ঃ

- পূর্বের ডোজ টিকার পর অ্যানাফিলেক্সিস হয়েছিল
- টিকার কোন একটি উপাদান নেওয়ার পর অ্যানাফিলেক্সিস হয়েছিল (পরের পৃষ্ঠায় দেওয়া আছে)
- গর্ভবতী

## প্রশ্ন। টিকাগুলো কতটুকু নিরাপদ?

অস্ট্রেলিয়ায় ব্যবহৃত টিকা নিরাপদ এবং থেরাপিউটিক গুডস অ্যাডমিনিস্ট্রেশন (TGA) দ্বারা অনুমোদনের আগে এগুলোকে অবশ্যই যথাযথ নিরাপত্তা পরীক্ষায় পাস করতে হবে। এছাড়াও, একবার ব্যবহার শুরু হলে TGA টিকাগুলোর নিরাপত্তা পর্যবেক্ষণ করে।

## প্রশ্ন। হেপাটাইটিস B এর টিকায় কী কী অ্যাডিটিভ রয়েছে

টিকাটিকে কার্যকরী করতে এতে অ্যালুমিনিয়াম হাইড্রক্সাইড দেওয়া থাকে, এতে ইস্টের প্রোটিন থাকতে পারে এবং এটি উৎপাদনের সময় গবাদি পশু থেকে প্রাপ্ত উপকরণের সংস্পর্শে এসেছিল।

## প্রশ্ন। হেপাটাইটিস B টিকার পার্শ্ব প্রতিক্রিয়াগুলো কী কী?

পার্শ্বপ্রতিক্রিয়া সচরাচর মৃদু হয় এবং সাধারণত ইঞ্জেকশনের জায়গায় লালচে ভাব, ব্যথা এবং ফুলে যেতে পারে কিংবা জ্বর আসতে পারে। গুরুতর পার্শ্বপ্রতিক্রিয়া ঘটে খুবই কদাচিৎ।

www.health.nsw.gov.au/schoolvaccination ওয়েবসাইটের কনজিউমার মেডিসিন ইনফরমেশন (CMI) এ টিকাটির পার্শ্ব প্রতিক্রিয়া সম্পর্কে আরও তথ্য রয়েছে। বাবা-মায়েরা যদি টিকা দেওয়ার পরে এর পার্শ্ব প্রতিক্রিয়া নিয়ে চিন্তিত হন তাহলে তাদের উচিত জিপির সাথে যোগাযোগ করা যিনি স্থানীয় জনস্বাস্থ্য ইউনিটের জন্য একটি রিপোর্টও তৈরি করবেন।

## প্রশ্ন। অ্যানাফিল্যাক্সিস কী?

অ্যানাফিল্যাক্সিস একটি গুরুতর এলার্জি প্রতিক্রিয়া যা দ্রুত চিকিৎসা না দেওয়া হলে অচেতন হয়ে পড়া এবং মৃত্যুর কারণ হতে পারে। যেকোনো টিকা দেওয়ার পর এই ধরণের ঘটনা খুব কমই ঘটে। স্কুলের ইমিউনাইজেশন নার্সরা অ্যানাফিল্যাক্সিসের চিকিৎসা দেওয়ার ক্ষেত্রে পুরোপুরি প্রশিক্ষিত।

## প্রশ্ন। আমার সন্তান ইতিমধ্যে হেপাটাইটিস B টিকার কোন কোর্স নিয়েছে কিনা তার কোন রেকর্ড যদি আমার কাছে না থাকে কিংবা আমি যদি তা মনে করতে না পারি তাহলে আমাকে কী করতে হবে?

হেপাটাইটিস B টিকার আরেকটি কোর্স নেওয়া আপনার সন্তানের জন্য নিরাপদ।

## প্রশ্ন। আমার সন্তান Hib এর একটি টিকা নিয়েছে। এটি কি তাকে হেপাটাইটিস B এর বিরুদ্ধে সুরক্ষা দেবে?

না। Hib এর টিকা কেবল হেমোফাইলাস ইনফ্লুয়েঞ্জা টাইপ বি সংক্রমণের বিরুদ্ধে সুরক্ষা দেয় এবং এটি ৬ সপ্তাহ, ৪ মাস, ৬ মাস এবং ১৮ মাস বয়সী বাচ্চাদের দেওয়া হয়। এটি আপনার সন্তানকে হেপাটাইটিস B এর বিরুদ্ধে সুরক্ষা দেবে না।

## প্রশ্ন। কোন ছাত্রী যদি গর্ভবতী হয় কিংবা সে যদি মনে করে সে হয়তোবা গর্ভবতী সেক্ষেত্রে কি টিকা দেওয়া উচিত হবে?

না। যে ছাত্রী গর্ভবতী কিংবা যদি সে মনে করে সে গর্ভবতী, তাহলে তাকে টিকা দেওয়া যাবে না। ক্লিনিকের দিন ভ্যাক্সিনেশন নার্স ছাত্রীদের জিজ্ঞাসা করবেন তারা গর্ভবতী কি না অথবা গর্ভবতী হওয়ার সম্ভাবনা আছে কি না। যদি কোন ছাত্রী এই প্রশ্নের উত্তরে হ্যাঁ সুচক জবাব দেয় তাহলে তাকে টিকা দেওয়া হবে না। ঐ ছাত্রীকে বিষয়টি নিয়ে অবিলম্বে তার পিতামাতা / অভিভাবকের সাথে আলোচনা করতে এবং চিকিৎসা পরামর্শ নিতে বলা হবে। এছাড়াও তাকে কোন স্বাস্থ্য সেবায় যোগাযোগের বিস্তারিত দেওয়া হবে যারা তাকে পরামর্শ, সহায়তা এবং দিক নির্দেশনা দেবে।

## প্রশ্ন। আমার বাচ্চার যদি অ্যাজমা থাকে এবং যদি সে "পাফার" এর মাধ্যমে করটিসন কিংবা প্রেডনিসন নিয়ে থাকে তাহলে কী হবে?

একজন অ্যাজমা রোগী যেই ঔষধই নিক না কেন dTpa এর টিকা নিরাপদে দেওয়া যেতে পারে।

## প্রশ্ন। কারা টিকা প্রদানের জন্য সম্মতি দিতে পারে এবং এই সম্মতি কি প্রত্যাহার করা যেতে পারে?

১৮ বছরের কম বয়সী শিক্ষার্থীদের ক্ষেত্রে কেবল-বাবা মা কিংবা অভিভাবকরাই সম্মতি দিতে পারে। ১৮ বছর এবং এর বেশী বয়সী শিক্ষার্থীরা নিজেরাই নিজেদের টিকা নেওয়ায় সম্মতি দিতে পারে এবং সেক্ষেত্রে তাদেরকে সম্মতি পত্রটি পূরণ করে যেখানে বাবা-মা / অভিভাবক লেখা আছে সেখানে স্বাক্ষর করতে হবে। স্কুলকে লিখিতভাবে সম্মতি প্রত্যাহারের নোটিশ প্রদান করে কিংবা টেলিফোন করে যেকোনো সময় সম্মতি প্রত্যাহার করে নেওয়া যেতে পারে।

## প্রশ্ন। নার্সরা যেদিন স্কুলে আসবেন সেদিন যদি অসুস্থতা কিংবা স্কুলে না যাওয়ার কারণে আমার সন্তান টিকা নিতে না পারে, সেক্ষেত্রে আমি কী করতে পারি?

আপনাকে আপনার স্থানীয় ডাক্তারের সাথে যোগাযোগ করে আপনার সন্তানকে টিকা দেওয়ার ব্যবস্থা করতে হবে।

## প্রশ্ন। আমি কীভাবে টিকার রেকর্ড দেখতে পারি?

আপনার বাচ্চার ভ্যাকসিন সংক্রান্ত তথ্য অস্ট্রেলিয়ান ইমিউনাইজেশন রেজিস্টার (AIR) এ আপলোড করা হবে, যাতে করে এটি আপনার বাচ্চার যে টিকার রেকর্ড আছে, তার সাথে যুক্ত করা যায়।

বাবা-মায়েরা তাদের সন্তানের বয়স ১৪ বছর হওয়া পর্যন্ত AIR ইমিউনাইজেশন হিস্ট্রি স্টেটমেন্ট এর একটি কপির জন্য আবেদন করতে পারেন, এবং ১৪ বছর এবং এর বেশি বয়সী শিক্ষার্থীরা নিম্নোক্ত উপায়ে তাদের নিজের ইমিউনাইজেশন হিস্ট্রি স্টেটমেন্ট এর জন্য অনুরোধ করতে পারেঃ

- myGov my.gov.au/ এর মাধ্যমে মেডিকেয়ার অনলাইন অ্যাকাউন্ট ব্যবহার করে
- মেডিকেয়ার এক্সপ্রেস প্লাস অ্যাপ ব্যবহার করে www.humanservices.gov.au/individuals/subjects/express-plus-mobile-apps
- 1800 653 809 নম্বরে জেনারেল এনকোয়ারিস লাইনে AIR কে ফোন করে

## প্রশ্ন। আমার সন্তানের তথ্যের কী হবে?

অনুমতি পত্রে আপনি যে তথ্য প্রদান করেছেন তা নিউ সাউথ ওয়েলস এবং কমনওয়েলথ আইন অনুসারে কঠোর গোপনীয়তা এবং সুরক্ষা নিশ্চিত করা হবে (সংযুক্ত প্রাইভেসি স্টেটমেন্টটি দেখুন)। এই তথ্য NSW হেলথ ইমিউনাইজেশন রেজিস্টারে লিপিবদ্ধ করার পর এটিকে অস্ট্রেলিয়ান ইমিউনাইজেশন রেজিস্টারে (AIR) আপলোড করা হবে যাতে করে এটিকে আপনার শিশুর বর্তমান টিকার রেকর্ডের সাথে সংযুক্ত করা যায় এবং মাইগভ ওয়েবসাইটে দেখা যায়।

## প্রশ্ন। কোথায় আমি স্কুল ভ্যাক্সিনেশন সম্পর্কে আরও তথ্য পেতে পারি?

অতিরিক্ত তথ্য পাওয়া যাবেঃ

- NSW হেলথ এর ওয়েবসাইট www.health.nsw.gov.au/schoolvaccination
- 1300 066 055 নম্বরে আপনার স্থানীয় গণস্বাস্থ্য ইউনিটের সাথে যোগাযোগ করে

September 2022 © NSW Ministry of Health. SHPN (HP NSW) 220729-1-2

## টিকা নেওয়ার পর কী কী করণীয়

- এই রেকর্ডটি রেখে দিন, কারণ আপনাকে পরবর্তীতে এটি দিতে হতে পারে।
- আপনার সন্তানের টিকার তথ্য স্বয়ংক্রিয়ভাবে অস্ট্রেলিয়ান ইমিউনাইজেশন রেজিস্টারে (AIR) আপলোড হয়ে যাবে। আপনি চাইলে আপনার জিপিকে টিকার তারিখটি জানিয়ে দিতে পারেন।

## ইনজেকশনের জায়গায় যদি কোন পার্শ্বপ্রতিক্রিয়া হয় তাহলে কী করতে হবে?

- ব্যাথা কমানোর জন্য ইঞ্জেকশনের জায়গায় একটি ঠাণ্ডা ভেজা কাপড় রেখে দিন।
- ব্যাথার জন্য প্যারাসিটামল খান।
- বাড়তি পানি পান করুন।

**যদি আপনার সন্তান এমন কোন পার্শ্ব প্রতিক্রিয়ায় ভুগে যা নিয়ে আপনি উদ্বিগ্ন তাহলে অনুগ্রহ করে আপনার স্থানীয় ডাক্তারের সাথে যোগাযোগ করুন।**

NSW GOVERNMENT


## টিকা নেওয়ার পর কী কী করণীয়

- এই রেকর্ডটি রেখে দিন, কারণ আপনাকে পরবর্তীতে এটি দিতে হতে পারে।
- আপনার সন্তানের টিকার তথ্য স্বয়ংক্রিয়ভাবে অস্ট্রেলিয়ান ইমিউনাইজেশন রেজিস্টারে (AIR) আপলোড হয়ে যাবে। আপনি চাইলে আপনার জিপিকে টিকার তারিখটি জানিয়ে দিতে পারেন।

## ইনজেকশনের জায়গায় যদি কোন পার্শ্বপ্রতিক্রিয়া হয় তাহলে কী করতে হবে?

- ব্যাথা কমানোর জন্য ইঞ্জেকশনের জায়গায় একটি ঠাণ্ডা ভেজা কাপড় রেখে দিন।
- ব্যাথার জন্য প্যারাসিটামল খান।
- বাড়তি পানি পান করুন।

**যদি আপনার সন্তান এমন কোন পার্শ্ব প্রতিক্রিয়ায় ভুগে যা নিয়ে আপনি উদ্বিগ্ন তাহলে অনুগ্রহ করে আপনার স্থানীয় ডাক্তারের সাথে যোগাযোগ করুন।**

NSW GOVERNMENT


220729-2-2

Bangla

# হেপাটাইটিস বি টিকার জন্য সম্মতি

NSW GOVERNMENT

পিতামাতা/অভিভাবককে পূরণ করতে হবে। অনুগ্রহ করে **কালো** কিংবা **নীল** কালির কলম দিয়ে **বড় হাতের** অক্ষরে লিখুন।

## 1. শিক্ষার্থীর বিবরণ

পদবী

নামের প্রথম অংশ

জন্ম তারিখ ☐☐ / ☐☐ / 2 0 ☐☐

লিঙ্গ ☐ M ☐ F ☐ অনির্ধারিত/ইন্টারসেক্স/অনির্দিষ্ট

শ্রেণী

স্কুলের নাম

মেডিকেয়ার নম্বর

☐ মেডিকেয়ার কার্ডে আপনার সন্তানের নামের পাশের নম্বর

## 2. আদিবাসীগত অবস্থান

☐ না ☐ হ্যাঁ, অ্যাবরিজিনাল ☐ হ্যাঁ, টরেস স্ট্রেইট আইল্যান্ডার ☐ হ্যাঁ, অ্যাবরিজিনাল এবং টরেস স্ট্রেইট আইল্যান্ডার উভয়ই

## 3. আপনার বিবরণ – পিতামাতা কিংবা আইনগত অভিভাবক

আমি হেপাটাইটিস বি এর টিকার উপকারিতা এবং সম্ভাব্য পার্শ্ব প্রতিক্রিয়াগুলো সম্পর্কে প্রদত্ত তথ্য পড়েছি এবং বুঝতে পেরেছি।

এতদ্দ্বারা আমি উপরে নাম উল্লেখিত আমার সন্তানকে হেপাটাইটিস বি এর ২ ডোজ কোর্স টিকা দেওয়ার জন্য সম্মতি প্রদান করছি।

আমার জানা মতে আমি ঘোষণা করছি যে আমার সন্তানঃ

1. কোন টিকা নেওয়ার পর অ্যানাফিল্যাকটিক প্রতিক্রিয়ায় ভুগেনি।
2. সংযুক্ত প্যারেন্ট ইনফরমেশন শীটে (বাবা মায়েদের জন্য তথ্যপত্র) প্রদত্ত টিকার উপাদানগুলোর কোনোটির প্রতি অ্যানাফিল্যাকটিক সংবেদনশীলতা নেই।
3. গর্ভবতী নয়।

পিতামাতা/অভিভাবকের নাম (যেমন JOHN SMITH)

বাড়ির ঠিকানা (যেমন 5 SMITH LANE)

সাবার্ব

পোস্টকোড

মোবাইল নম্বর

যোগাযোগের জন্য সবচেয়ে উপযুক্ত বিকল্প নম্বর (এরিয়া কোড উল্লেখ করুন যেমন 02)

পিতামাতা/অভিভাবকের স্বাক্ষর

তারিখ ☐☐ / ☐☐ / 2 0 ☐☐

শুধুমাত্র উদাহরণ
সম্মতি পত্রটি ইংরেজিতে পূরণ করুন

✍ পিতামাতা/অভিভাবককে পূরণ করতে হবে

**শিক্ষার্থীর নাম** (যেমন JANE SMITH)

শুধুমাত্র অফিসের ব্যবহারের জন্য

**ডোজ 1**

**হাত** ☐ বাম ☐ ডান

টিকা প্রদানের সময় (24ঘণ্টা) __ __ : __ __

টিকার ব্যাচ নম্বর

নার্সের স্বাক্ষর ×

তারিখ __ __ / __ __ 2 0 __ __

**ডোজ 2**

**হাত** ☐ বাম ☐ ডান

টিকা প্রদানের সময় (24ঘণ্টা) __ __ : __ __

টিকার ব্যাচ নম্বর

নার্সের স্বাক্ষর ×

তারিখ __ __ / __ __ 2 0 __ __

**নার্সের নোট**

টিকা না দেওয়ার কারণ

- ☐ অনুপস্থিত
- ☐ নিতে চায়নি
- ☐ অসুস্থ
- ☐ স্বাক্ষর নেই
- ☐ সম্মতি প্রত্যাহার করে নেওয়া হয়েছে
- ☐ অন্যান্য



## হেপাটাইটিস বি টিকার রেকর্ড — ডোজ 1

✍ পিতামাতা/অভিভাবককে পূরণ করতে হবে

**শিক্ষার্থীর নাম** (যেমন JANE SMITH)

শুধুমাত্র অফিসের ব্যবহারের জন্য

**হাত** ☐ বাম ☐ ডান

টিকা প্রদানের সময় (24ঘণ্টা) __ __ : __ __

টিকার ব্যাচ নম্বর

নার্সের স্বাক্ষর ×

তারিখ __ __ / __ __ 2 0 __ __

## হেপাটাইটিস বি টিকার রেকর্ড — ডোজ 2

✍ পিতামাতা/অভিভাবককে পূরণ করতে হবে

**শিক্ষার্থীর নাম** (যেমন JANE SMITH)

শুধুমাত্র অফিসের ব্যবহারের জন্য

**হাত** ☐ বাম ☐ ডান

টিকা প্রদানের সময় (24ঘণ্টা) __ __ : __ __

টিকার ব্যাচ নম্বর

নার্সের স্বাক্ষর ×

তারিখ __ __ / __ __ 2 0 __ __

শুধুমাত্র উদাহরণ
সম্মতি পত্রটি ইংরেজিতে পূরণ করুন

# হাম, গাল-গলা ফোলা এবং রুবেলা (MMR) এর টিকা

Measles, mumps and rubella (MMR) vaccine

NSW হেলথ স্কুল টিকাদান কর্মসূচীর আওতায় কিশোর কিশোরীদের জন্য ন্যাশনাল হেলথ এন্ড মেডিক্যাল রিসার্চ কাউন্সিল কর্তৃক সুপারিশকৃত ভ্যাকসিনগুলো প্রদান করে। এজন্য অবশ্যই বাবা-মা/ অভিভাবকদের স্বাক্ষরিত সম্মতি পত্র জমা দিতে হবে।

## আপনার পরবর্তী পদক্ষেপ

- এই তথ্যপত্রটি যত্নসহকারে পড়ুন।
- আপনি যদি চান যে আপনার শিশুকে হাম, গলা ফোলা এবং রুবেলার বিরুদ্ধে টিকা দেওয়া হোক, তাহলে সম্মতি ফর্মে স্বাক্ষর করুন এবং আপনার সন্তানকে স্কুলে ফিরে যেতে দিন।
- আপনি যদি আপনার সন্তানকে হাম, গলা ফোলা এবং রুবেলার টিকা দেওয়াতে **না** চান, তাহলে এই সম্মতি পত্রটি পূরণ করবেন **না** কিংবা ফেরত পাঠাবেন না।

## প্রশ্ন। হাম, গাল-গলা ফোলা এবং রুবেলা কী

হাম একটি অত্যন্ত সংক্রামক ভাইরাস যার ফলে জ্বর, কাশি এবং ফুসকুড়ির সৃষ্টি হয়। বেশিরভাগ ক্ষেত্রে যেসব জটিলতা দেখা দেয় সেগুলো হল নিউমোনিয়া, ডায়েরিয়া এবং মধ্য কর্ণে সংক্রমণ। প্রতি ১০০০ জনে একজনের মস্তিস্কে প্রদাহ হয় এবং ১০% থেকে ১৫% ক্ষেত্রে এই রোগীরা মারা যাবে এবং অনেকের স্থায়ীভাবে মস্তিষ্কের ক্ষতি হবে।

**মাম্পস** বা গাল-গলা ফোলা হল একটি সংক্রামক রোগ যার কারণে গলার গ্রন্থি ফুলে যায় এবং জ্বর হয়। আক্রান্ত শতকরা প্রায় ১০ জনের ক্ষেত্রে মস্তিষ্ক এবং মেরুদণ্ডের চারপাশের ঝিল্লিতে প্রদাহের সৃষ্টি হবে (মস্তিষ্ক আবরণে প্রদাহের লক্ষণ ও উপসর্গ)। আর বয়ঃসন্ধি পার হয়েছে এমন শতকরা ১৫ থেকে ৩০ জন পুরুষের টেস্টিস (অণ্ডকোষ) এ প্রদাহ হবে। গর্ভাবস্থার প্রথম ৩ মাসে গলা ফোলার সংক্রমণের ফলে হঠাৎ গর্ভপাত হতে পারে।

**রুবেলা** (জার্মান হাম) একটি সংক্রামক ভাইরাসজনিত রোগ যার ফলে ফুসকুড়ি, জ্বর এবং গ্রন্থি ফুলে যায়। এতে সংক্রমিত গর্ভবতী মহিলাদের বাচ্চারা গুরুতর অস্বাভাবিকতা নিয়ে জন্মায়। গর্ভাবস্থার প্রথম ৩ মাসে সংক্রমিত শতকরা ৯০ ভাগ পর্যন্ত নবজাতকদের ক্ষেত্রে বুদ্ধি প্রতিবন্ধীত্ব, বধিরতা, অন্ধত্ব কিংবা হৃদপিণ্ডে সমস্যাসহ বড় ধরণের জন্মগত অস্বাভাবিকতা থাকবে।

## প্রশ্ন। হাম, গাল-গলা ফোলা এবং রুবেলা কীভাবে ছড়ায়?

এই ভাইরাসগুলো কাশি এবং হাঁচির মাধ্যমে ছড়ায়। মানুষের মধ্যে অন্যতম সহজ সংক্রমণ হল হাম। শুধুমাত্র একই রুমে হাম এ আক্রান্ত কারো সাথে থাকলেই কেউ সংক্রমণের শিকার হতে পারে।

## প্রশ্ন। টিকাগুলো কীভাবে কাজ করে?

নির্দিষ্ট কিছু সংক্রমণের বিরুদ্ধে লড়তে দেহের রোগ প্রতিরোধ ব্যবস্থাকে সক্রিয় করে তোলার মাধ্যমে টিকাগুলো কাজ করে। টিকা নিয়েছেন এমন কোন ব্যক্তি যদি এই সংক্রমণগুলোর সংস্পর্শে আসে তাহলে তাদের রোগ প্রতিরোধক ব্যবস্থা আরও কার্যকরভাবে সাড়া দিতে সক্ষম হয়, যেমন রোগটির বিস্তারে বাধা দেওয়া কিংবা এর তীব্রতা ব্যাপকভাবে কমিয়ে আনা।

## প্রশ্ন। টিকাটি কতটুকু কার্যকর?

MMR টিকা হাম, গলা ফোলা এবং রুবেলার সংক্রমণের বিরুদ্ধে সুরক্ষা প্রদানের ক্ষেত্রে খুবই কার্যকরী।

## প্রশ্ন। কাদের টিকা দিতে হবে?

কিশোর কিশোরীদের জন্য হাম, গলা ফোলা এবং রুবেলার বিরুদ্ধে সম্পূর্ণ সুরক্ষা প্রদানে দুই ডোজ হাম-গলা-ফোলা-রুবেলার (MMR) টিকা নেওয়ার পরামর্শ দেওয়া হয় যদি না তারা পূর্বে দুই ডোজ টিকা নিয়ে থাকে।

## প্রশ্ন। কাদের টিকা দেওয়া উচিৎ না?

তাদের MMR টিকা দেওয়া উচিৎ না যাদের বা যারা ঃ

- এর আগে MMR টিকার কোন ডোজের পর অ্যানাফিলেক্সিস হয়েছিল
- টিকার (পরবর্তী পৃষ্টায় প্রদত্ত) কোন একটি উপাদান নেওয়ার পর অ্যানাফিলেক্সিস হয়েছিল
- গর্ভবতী (টিকা নেওয়ার পর ২৮ দিন পর্যন্ত গর্ভাবস্থা এড়িয়ে চলা উচিত)
- গত ৪ সপ্তাহের মধ্যে একটি লাইভ ভ্যাকসিন নিয়েছে যেমন ভ্যারিসেলা (জলবসন্ত), BCG (যক্ষ্মা) কিংবা পীতজ্বর
- গত বছর রক্ত পরিবর্তন করেছিল/ ইমিউনোগ্লোব্যুলিন ইনজেকশন নিয়েছিল
- রোগ প্রতিরোধ ক্ষমতা দুর্বল অর্থাৎ
  - (i) HIV/AIDS আক্রান্ত ব্যক্তি
  - (ii) যারা মুখের মাধ্যমে উচ্চমাত্রার করটিকোস্টেরয়েডস নিচ্ছেন
  - (iii) যারা নিয়মিত রোগ প্রতিরোধ ক্ষমতা হ্রাস করে এমন উচ্চ ডোজের চিকিৎসা, সাধারণ রেডিয়েশন কিংবা এক্স রে থেরাপি নিচ্ছেন
  - (iv) যারা লিম্ফোমা, লিউকেমিয়া এবং হজকিন্স রোগ সহ রেটিকিউলোএন্ডথেলিয়াল সিস্টেমের খুব খারাপ ক্যান্সার এ ভুগছেন

## প্রশ্ন। MMR টিকায় কী কী সংমিশ্রন (অ্যাডিটিভ) রয়েছে?

MMR টিকায় ল্যাকটোজ, নিওমাইসিন, সরবিটল এবং ম্যানিটল রয়েছে। অত্যন্ত স্বল্পমাত্রায় এই অ্যাডিটিভগুলো দেওয়া হয়ে থাকে যাতে করে ভ্যাকসিনগুলো কার্যকরী হয় কিংবা সংরক্ষণে সাহায্য করে

## প্রশ্ন। টিকাগুলো কতটুকু নিরাপদ?

অস্ট্রেলিয়ায় ব্যবহৃত টিকা নিরাপদ এবং থেরাপিউটিক গুডস অ্যাডমিনিস্ট্রেশন (TGA) দ্বারা অনুমোদনের আগে এগুলোকে অবশ্যই যথাযথ নিরাপত্তা পরীক্ষায় পাস করতে হবে। এছাড়াও, একবার ব্যবহার শুরু হলে TGA টিকাগুলোর নিরাপত্তা পর্যবেক্ষণ করে।

## প্রশ্ন। MMR টিকার পার্শ্ব প্রতিক্রিয়াগুলো কী কী?

MMR টিকা নিরাপদ, কার্যকরী এবং খুবই সহনীয়। সাধারণত এর পার্শ্ব প্রতিক্রিয়াগুলো হয় মৃদু যার মধ্যে থাকতে পারে সাধারনভাবে অসুস্থ বোধ করা, জ্বর হওয়া এবং/অথবা ফুসকুড়ি হওয়া (সংক্রামক নয় এবং টিকা নেওয়ার ৫ থেকে ১২ দিন পর হতে পারে)। গুরুতর পার্শ্ব প্রতিক্রিয়াগুলোর মধ্যে রয়েছে অ্যানাফিল্যাক্সিস (নীচে প্রদত্ত তথ্য দেখুন), ক্ষণস্থায়ী লিম্ফাডেনোপ্যাথী (লিম্ফ নোডের ক্ষণস্থায়ী ফুলে উঠা), অ্যারথ্রালজিয়া (হাঁটুর ব্যথা) এবং থ্রম্বোসাইটোপেনিয়া (কালশিরা এবং রক্তপাতের সম্ভাবনা আরও বেড়ে যাওয়া) যেগুলো অত্যন্ত বিরল www.health.nsw.gov.au/schoolvaccination ওয়েবসাইটের কনজিউমার মেডিসিন ইনফরমেশন (CMI) এ টিকাটির পার্শ্ব প্রতিক্রিয়া সম্পর্কে আরও তথ্য রয়েছে। বাবা-মায়েরা যদি টিকা দেওয়ার পরে এর পার্শ্ব প্রতিক্রিয়া নিয়ে চিন্তিত হন তাহলে তাদের উচিত জিপির সাথে যোগাযোগ করা যিনি স্থানীয় জনস্বাস্থ্য ইউনিটের জন্য একটি রিপোর্টও তৈরি করবেন।

## প্রশ্ন। অ্যানাফিল্যাক্সিস কী?

অ্যানাফিল্যাক্সিস একটি গুরুতর এলার্জি প্রতিক্রিয়া যা দ্রুত চিকিৎসা না দেওয়া হলে অচেতন হয়ে পড়া এবং মৃত্যুর কারণ হতে পারে। **যেকোনো টিকা দেওয়ার পর এই ধরণের ঘটনা *খুব কমই* ঘটে।** স্কুলের ইমিউনাইজেশন নার্সরা অ্যানাফিল্যাক্সিসের চিকিৎসা দেওয়ার ক্ষেত্রে পুরোপুরি প্রশিক্ষিত।

## প্রশ্ন। কোন ছাত্রী যদি গর্ভবতী হয় কিংবা সে যদি মনে করে সে হয়তোবা গর্ভবতী সেক্ষেত্রে কি টিকা দেওয়া উচিত হবে?

না। যে ছাত্রী গর্ভবতী কিংবা যদি সে মনে করে সে গর্ভবতী, তাহলে তাকে টিকা দেওয়া যাবে না। ক্লিনিকের দিন ভ্যাক্সিনেশন নার্স ছাত্রীদের জিজ্ঞাসা করবেন তারা গর্ভবতী কি না অথবা গর্ভবতী হওয়ার সম্ভাবনা আছে কি না। যদি কোন ছাত্রী এই প্রশ্নের উত্তরে হ্যাঁ সুচক জবাব দেয় তাহলে তাকে টিকা দেওয়া হবে না। ঐ ছাত্রীকে বিষয়টি নিয়ে অবিলম্বে তার পিতামাতা/অভিভাবকের সাথে আলোচনা করতে এবং চিকিৎসা পরামর্শ নিতে বলা হবে। এছাড়াও তাকে কোন স্বাস্থ্য সেবায় যোগাযোগের বিস্তারিত দেওয়া হবে যারা তাকে পরামর্শ, সহায়তা এবং দিক নির্দেশনা দেবে।

**যেসকল ছাত্রী কেবল MMR ভ্যাকসিন নিয়েছে তারা যাতে টিকা নেওয়ার পর ২৮ দিন পর্যন্ত গর্ভবতী না হয়**

## প্রশ্ন। আমার বাচ্চার যদি অ্যাজমা থাকে এবং যদি সে "পাফার" এর মাধ্যমে করটিসন কিংবা প্রেডনিসন নিয়ে থাকে তাহলে কী হবে?

একজন অ্যাজমা রোগী যেই ঔষধই নিক না কেন MMR এর টিকা নিরাপদে দেওয়া যেতে পারে।

## প্রশ্ন। কারা টিকা প্রদানের জন্য সম্মতি দিতে পারে এবং এই সম্মতি কি প্রত্যাহার করা যেতে পারে?

১৮ বছরের কম বয়সী শিক্ষার্থীদের ক্ষেত্রে কেবল-বাবা মা কিংবা অভিভাবকরাই সম্মতি দিতে পারে। ১৮ বছর এবং এর বেশী বয়সী শিক্ষার্থীরা নিজেরাই নিজেদের টিকা নেওয়ায় সম্মতি দিতে পারে এবং সেক্ষেত্রে তাদেরকে সম্মতি পত্রটি পূরণ করে যেখানে বাবা-মা/অভিভাবক লেখা আছে সেখানে স্বাক্ষর করতে হবে। স্কুলকে লিখিতভাবে সম্মতি প্রত্যাহারের নোটিশ প্রদান করে কিংবা টেলিফোন করে যেকোনো সময় সম্মতি প্রত্যাহার করে নেওয়া যেতে পারে।

## প্রশ্ন। আমি কীভাবে টিকার রেকর্ড দেখতে পারি?

আপনার বাচ্চার ভ্যাকসিন সংক্রান্ত তথ্য অস্ট্রেলিয়ান ইমিউনাইজেশন রেজিস্টার (AIR) এ আপলোড করা হবে, যাতে করে এটি আপনার বাচ্চার যে টিকার রেকর্ড আছে, তার সাথে যুক্ত করা যায়।

বাবা-মায়েরা তাদের সন্তানের বয়স ১৪ বছর হওয়া পর্যন্ত AIR ইমিউনাইজেশন হিস্ট্রি স্টেটমেন্ট এর একটি কপির জন্য আবেদন করতে পারেন, এবং ১৪ বছর এবং এর বেশি বয়সী শিক্ষার্থীরা নিম্নোক্ত উপায়ে তাদের নিজের ইমিউনাইজেশন হিস্ট্রি স্টেটমেন্ট এর জন্য অনুরোধ করতে পারেঃ

- myGov my.gov.au/ এর মাধ্যমে মেডিকেয়ার অনলাইন অ্যাকাউন্ট ব্যবহার করে
- মেডিকেয়ার এক্সপ্রেস প্লাস অ্যাপ ব্যবহার করে www.humanservices.gov.au/individuals/subjects/express-plus-mobile-apps
- 1800 653 809 নম্বরে জেনারেল এনকোয়ারিস লাইনে AIR কে ফোন করে

## প্রশ্ন। নার্সরা যেদিন স্কুলে আসবেন সেদিন যদি অসুস্থতা কিংবা স্কুলে না যাওয়ার কারণে আমার সন্তান টিকা নিতে না পারে, সেক্ষেত্রে আমি কী করতে পারি?

আপনাকে আপনার স্থানীয় ডাক্তারের সাথে যোগাযোগ করে আপনার সন্তানকে টিকা দেওয়ার ব্যবস্থা করতে হবে।

## প্রশ্ন। আমার সন্তানের তথ্যের কী হবে?

অনুমতি পত্রে আপনি যে তথ্য প্রদান করেছেন তা নিউ সাউথ ওয়েলস এবং কমনওয়েলথ আইন অনুসারে কঠোর গোপনীয়তা এবং সুরক্ষা নিশ্চিত করা হবে (সংযুক্ত প্রাইভেসি স্টেটমেন্টটি দেখুন)। এই তথ্য NSW হেলথ ইমিউনাইজেশন রেজিস্টারে লিপিবদ্ধ করার পর এটিকে অস্ট্রেলিয়ান ইমিউনাইজেশন রেজিস্টারে (AIR) আপলোড করা হবে যাতে করে এটিকে আপনার শিশুর বর্তমান টিকার রেকর্ডের সাথে সংযুক্ত করা যায় এবং মাইগভ ওয়েবসাইটে দেখা যায়।

## প্রশ্ন। কোথায় আমি স্কুল ভ্যাক্সিনেশন সম্পর্কে আরও তথ্য পেতে পারি?

অতিরিক্ত তথ্য পাওয়া যাবেঃ

- NSW হেলথ এর ওয়েবসাইট www.health.nsw.gov.au/schoolvaccination
- 1300 066 055 নম্বরে আপনার স্থানীয় গণস্বাস্থ্য ইউনিটের সাথে যোগাযোগ করে

September 2022 © NSW Ministry of Health. SHPN (HP NSW) 220731-1-2

## টিকা নেওয়ার পর কী কী করণীয়

- এই রেকর্ডটি রেখে দিন, কারণ আপনাকে পরবর্তীতে এটি দিতে হতে পারে।
- আপনার সন্তানের টিকার তথ্য স্বয়ংক্রিয়ভাবে অস্ট্রেলিয়ান ইমিউনাইজেশন রেজিস্টারে (AIR) আপলোড হয়ে যাবে। আপনি চাইলে আপনার জিপিকে টিকার তারিখটি জানিয়ে দিতে পারেন।

## ইনজেকশনের জায়গায় যদি কোন পার্শ্বপ্রতিক্রিয়া হয় তাহলে কী করতে হবে?

- ব্যাথা কমানোর জন্য ইঞ্জেকশনের জায়গায় একটি ঠাণ্ডা ভেজা কাপড় রেখে দিন।
- ব্যাথার জন্য প্যারাসিটামল খান।
- বাড়তি পানি পান করুন।

**যদি আপনার সন্তান এমন কোন পার্শ্ব প্রতিক্রিয়ায় ভুগে যা নিয়ে আপনি উদ্বিগ্ন তাহলে অনুগ্রহ করে আপনার স্থানীয় ডাক্তারের সাথে যোগাযোগ করুন।**

NSW GOVERNMENT


## টিকা নেওয়ার পর কী কী করণীয়

- এই রেকর্ডটি রেখে দিন, কারণ আপনাকে পরবর্তীতে এটি দিতে হতে পারে।
- আপনার সন্তানের টিকার তথ্য স্বয়ংক্রিয়ভাবে অস্ট্রেলিয়ান ইমিউনাইজেশন রেজিস্টারে (AIR) আপলোড হয়ে যাবে। আপনি চাইলে আপনার জিপিকে টিকার তারিখটি জানিয়ে দিতে পারেন।

## ইনজেকশনের জায়গায় যদি কোন পার্শ্বপ্রতিক্রিয়া হয় তাহলে কী করতে হবে?

- ব্যাথা কমানোর জন্য ইঞ্জেকশনের জায়গায় একটি ঠাণ্ডা ভেজা কাপড় রেখে দিন।
- ব্যাথার জন্য প্যারাসিটামল খান।
- বাড়তি পানি পান করুন।

**যদি আপনার সন্তান এমন কোন পার্শ্ব প্রতিক্রিয়ায় ভুগে যা নিয়ে আপনি উদ্বিগ্ন তাহলে অনুগ্রহ করে আপনার স্থানীয় ডাক্তারের সাথে যোগাযোগ করুন।**

NSW GOVERNMENT


220731-2-2

শুধুমাত্র উদাহরণ

সম্মতি পত্রটি ইংরেজিতে পূরণ করুন

Bangla

# হাম, গাল-গলা ফুলা এবং রুবেলা (MMR) এর টিকার জন্য সম্মতি

NSW GOVERNMENT

পিতামাতা/অভিভাবককে পূরণ করতে হবে। অনুগ্রহ করে **কালো** কিংবা **নীল** কালির কলম দিয়ে **বড় হাতের** অক্ষরে লিখুন।

## 1. শিক্ষার্থীর বিবরণ

পদবী

নামের প্রথম অংশ

জন্ম তারিখ __ __ / __ __ / 2 0 __ __

লিঙ্গ ☐ পুরুষ ☐ মহিলা ☐ অনির্ধারিত/ইন্টারসেক্স/অনির্দিষ্ট

শ্রেণী

স্কুলের নাম

মেডিকেয়ার নম্বর

☐ মেডিকেয়ার কার্ডে আপনার সন্তানের নামের পাশের নম্বর

## 2. আদিবাসীগত অবস্থান

☐ না ☐ হ্যাঁ, অ্যাবরিজিনাল ☐ হ্যাঁ, টরেস স্ট্রেইট আইল্যান্ডার ☐ হ্যাঁ, অ্যাবরিজিনাল এবং টরেস স্ট্রেইট আইল্যান্ডার উভয়ই

## 3. আপনার বিবরণ – পিতামাতা কিংবা আইনগত অভিভাবক

আমি হাম, গাল-গলা ফুলা ফুলা এবং রুবেলা (MMR) এর টিকার উপকারিতা এবং সম্ভাব্য পার্শ্ব প্রতিক্রিয়াগুলো সম্পর্কে প্রদত্ত তথ্য পড়েছি এবং বুঝতে পেরেছি।

এতদ্দ্বারা আমি উপরে নাম উল্লেখিত আমার সন্তানকে হাম, গাল-গলা ফুলা এবং রুবেলা (MMR) এর ২ ডোজ টিকা দেওয়ার জন্য সম্মতি প্রদান করছি।

আমার জানা মতে আমি ঘোষণা করছি যে আমার সন্তানঃ

1. কোন টিকা নেওয়ার পর অ্যানাফিল্যাকটিক প্রতিক্রিয়ায় ভুগেনি।
2. সংযুক্ত প্যারেন্ট ইনফরমেশন শীটে (বাবা মায়েদের জন্য তথ্যপত্রে) প্রদত্ত টিকার উপাদানগুলোর কোনোটির প্রতি অ্যানাফিল্যাকটিক সংবেদনশীলতা নেই।
3. গর্ভবতী নয়।

পিতামাতা/অভিভাবকের নাম (যেমন JOHN SMITH)

বাড়ির ঠিকানা (যেমন 5 SMITH LANE)

সাবার্ব

পোস্টকোড

মোবাইল নম্বর

যোগাযোগের জন্য সবচেয়ে উপযুক্ত বিকল্প নম্বর (এরিয়া কোড উল্লেখ করুন যেমন 02)

পিতামাতা/অভিভাবকের স্বাক্ষর

✕

তারিখ __ __ / __ __ / 2 0 __ __

## MMR টিকার রেকর্ড

✍ পিতামাতা/অভিভাবককে পূরণ করতে হবে

**শিক্ষার্থীর নাম** (যেমন JANE SMITH)

### শুধুমাত্র অফিসের ব্যবহারের জন্য

**ডোজ 1**

**হাত** ☐ বাম ☐ ডান

টিকা প্রদানের সময় (24ঘণ্টা)

টিকার ব্যাচ নম্বর

নার্সের স্বাক্ষর ×

তারিখ __ __ / __ __ 2 0 __ __

**ডোজ 2**

**হাত** ☐ বাম ☐ ডান

টিকা প্রদানের সময় (24ঘণ্টা)

টিকার ব্যাচ নম্বর

নার্সের স্বাক্ষর ×

তারিখ __ __ / __ __ __ __ __ __

### নার্সের নোট

টিকা না দেওয়ার কারণ

- ☐ অনুপস্থিত
- ☐ নিতে চায়নি
- ☐ অসুস্থ
- ☐ স্বাক্ষর নেই
- ☐ সম্মতি প্রত্যাহার করে নেওয়া হয়েছে
- ☐ অন্যান্য

## পিতামাতা/অভিভাবকদের জন্য
হাম, মাম্পস এবং রুবেলা (MMR) টিকার রেকর্ড

### MMR টিকার রেকর্ড — ডোজ 1

✍ পিতামাতা/অভিভাবককে পূরণ করতে হবে

**শিক্ষার্থীর নাম** (যেমন JANE SMITH)

#### শুধুমাত্র অফিসের ব্যবহারের জন্য

**হাত** ☐ বাম ☐ ডান

টিকা প্রদানের সময় (24ঘণ্টা) __ __ : __ __

টিকার ব্যাচ নম্বর

নার্সের স্বাক্ষর ×

তারিখ __ __ / __ __ 2 0 __ __

### MMR টিকার রেকর্ড — ডোজ 2

✍ পিতামাতা/অভিভাবককে পূরণ করতে হবে

**শিক্ষার্থীর নাম** (যেমন JANE SMITH)

#### শুধুমাত্র অফিসের ব্যবহারের জন্য

**হাত** ☐ বাম ☐ ডান

টিকা প্রদানের সময় (24ঘণ্টা) __ __ : __ __

টিকার ব্যাচ নম্বর

নার্সের স্বাক্ষর ×

তারিখ __ __ / __ __ 2 0 __ __

শুধুমাত্র উদাহরণ
সম্মতি পত্রটি ইংরেজিতে পূরণ করুন

# পোলিওর টিকা

Polio vaccine

NSW হেলথ স্কুল টিকাদান কর্মসূচীর আওতায় কিশোর কিশোরীদের জন্য ন্যাশনাল হেলথ এন্ড মেডিক্যাল রিসার্চ কাউন্সিল কর্তৃক সুপারিশকৃত ভ্যাকসিনগুলো প্রদান করে। এজন্য অবশ্যই বাবা-মা/ অভিভাবকদের স্বাক্ষরিত সম্মতি পত্র জমা দিতে হবে।

## আপনার পরবর্তী পদক্ষেপ

- এই তথ্যপত্রটি যত্নসহকারে পড়ুন।
- আপনি যদি আপনার সন্তানকে পোলিওর টিকা দেওয়াতে চান, তাহলে সম্মতি ফর্মটি পূরণ ও স্বাক্ষর করে তা স্কুলে ফেরত দেওয়ার জন্য আপনার সন্তানকে দিন।
- আপনি যদি আপনার সন্তানকে পোলিওর টিকা দেওয়াতে **না** চান, তাহলে এই সম্মতি পত্রটি পূরণ করবেন **না** কিংবা ফেরত পাঠাবেন না।

## প্রশ্ন। পোলিও কী (পোলিও মাইলাইটিস)?

পোলিও একটি ভাইরাসজনিত সংক্রমণ, যা সৃষ্টি হয় পোলিওভাইরাসের কারণে। এর ফলে প্যারালাইসিস এবং মৃত্যু ঘটতে পারে। পোলিওতে আক্রান্ত অধিকাংশ লোকের কোনো উপসর্গ থাকেনা। আক্রান্ত রোগীদের শতকরা ১০ ভাগের ক্ষেত্রে জ্বর, মাথাব্যথা, ঝিমুনি, বমি ভাব এবং বমি হওয়ার মত সাধারণ শারীরিক অসুস্থতা দেখা দিতে পারে। যদিও এদের অনেকেই সেরে উঠে, প্রায় শতকরা ২ ভাগের ক্ষেত্রে মস্তিষ্কের ভেতরের আবরণের প্রদাহের কারণে পিঠ ও ঘাড় টান টান হয়ে যাওয়া সহ পেশীতে তীব্র ব্যথা হয়। প্রায় ১ ভাগের ক্ষেত্রে একিউট ফ্লাসিড প্যারালাইসিস নামক তীব্র দুর্বলতা দেখা দেয় যা হাত পা, মাথা ও ঘাড়ের পেশী এবং শ্বাস নেওয়ার জন্য ব্যবহৃত পেশীগুলোকে আক্রান্ত করতে পারে।

## প্রশ্ন। পোলিও কীভাবে ছড়ায়?

আক্রান্ত কোনো ব্যক্তির কাছাকাছি সান্নিধ্যে তার লালা কিংবা খুব সামান্য পরিমানে মল (অর্থাৎ ময়লা হাত) এর সংস্পর্শে পোলিও ছড়ায়। নাক কিংবা মুখের মাধ্যমে পোলিওর ভাইরাস শরীরে প্রবেশ করে এবং সংক্রমণ শুরু হয় অন্ত্রে। এরপর তা রক্তপ্রবাহে প্রবেশ করে স্নায়ুতন্ত্রসহ শরীরের অন্যান্য অংশে চলে যায়। এই রোগটি অধিকাংশ ক্ষেত্রে সংক্রামক থাকে উপসর্গ দেখা দেওয়ার ১০ দিন আগে থেকে এবং ১০ দিন পর পর্যন্ত

## প্রশ্ন। টিকাগুলো কীভাবে কাজ করে?

নির্দিষ্ট কিছু সংক্রমণের বিরুদ্ধে লড়তে দেহের রোগ প্রতিরোধ ব্যবস্থাকে সক্রিয় করে তোলার মাধ্যমে টিকাগুলো কাজ করে। টিকা নিয়েছেন এমন কোন ব্যক্তি যদি এই সংক্রমণগুলোর সংস্পর্শে আসে তাহলে তাদের রোগ প্রতিরোধক ব্যবস্থা আরও কার্যকরভাবে সাড়া দিতে সক্ষম হয়, যেমন রোগটির বিস্তারে বাধা দেওয়া কিংবা এর তীব্রতা ব্যাপকভাবে কমিয়ে আনা।

## প্রশ্ন। পোলিওর টিকা কতটুকু কার্যকরী?

রোগ প্রতিরোধে পোলিও ভ্যাকসিনের প্রাথমিক ৩ ডোজ কোর্স অন্তত ৯৯% কার্যকরী হয়।

## প্রশ্ন। কাদের টিকা দিতে হবে?

যেসকল শিক্ষার্থী পোলিও ভ্যাকসিনের প্রাথমিক কোর্স (অন্তত ৪ সপ্তাহের ব্যবধানে ৩ ডোজ ভ্যাকসিন) গ্রহণ করেনি তাদেরকে এই ভ্যাকসিন দিয়ে দেওয়া উচিত। যেহেতু অধিকাংশ শিক্ষার্থীই অন্তত এক ডোজ পোলিও ভ্যাকসিন নিয়ে থাকবে, ২ ডোজ পর্যন্ত ভ্যাকসিন ইন্টেন্সিভ ইংলিশ সেন্টারে দেওয়া হবে এবং তৃতীয় ডোজের জন্য বাবা মায়েদের প্রয়োজনমাফিক তাদের স্থানীয় ডাক্তারদের কাছে যাওয়ার জন্য পরামর্শ দেওয়া হবে।

## প্রশ্ন। কাদের টিকা দেওয়া উচিৎ না?

পোলিওর টিকা দেওয়া উচিত নাঃ

- যাদের পূর্বের ডোজ টিকার পর অ্যানাফিলেক্সিস হয়েছিল
- যাদের টিকার কোন একটি উপাদান নেওয়ার পর অ্যানাফিলেক্সিস হয়েছিল (পরের পৃষ্ঠায় দেওয়া আছে

## প্রশ্ন। অ্যানাফিল্যাক্সিস কী?

অ্যানাফিল্যাক্সিস একটি গুরুতর এলার্জি প্রতিক্রিয়া যা দ্রুত চিকিৎসা না দেওয়া হলে অচেতন হয়ে পড়া এবং মৃত্যুর কারণ হতে পারে।

**যেকোনো টিকা দেওয়ার পর এই ধরণের ঘটনা *খুব কমই* ঘটে।** স্কুলের ইমিউনাইজেশন নার্সরা অ্যানাফিল্যাক্সিসের চিকিৎসা দেওয়ার ক্ষেত্রে পুরোপুরি প্রশিক্ষিত।

## প্রশ্ন। আমার সন্তান পোলিও টিকা নিয়েছে কি না তা যদি আমি মনে করতে না পারি কিংবা এ সম্পর্কিত কোনো রেকর্ড যদি আমার কাছে না থাকে তাহলে আমি কী করতে পারি?

আগে নেয়া পোলিও টিকার কোনো রেকর্ড যদি না থাকে তাহলে শিশু ও প্রাপ্তবয়স্কদের নিরাপদেই এই ভ্যাকসিন দেয়া যেতে পারে।

## প্রশ্ন। পোলিওর টিকায় কী কী সংমিশ্রন (অ্যাডিটিভ) রয়েছে?

এই ভ্যাকসিনে ফেনোক্সিইথানল, ফরমালডিহাইড, পলিসরবেইট ৮০ এবং খুব সামান্য পরিমানে নিওমাইসিন, স্ট্রেপটোমাইসিন, পলিমাইক্সিন বি এবং গবাদি পশুর সিরাম অ্যালবিউমিন আছে।

অত্যন্ত স্বল্পমাত্রায় এই অ্যাডিটিভগুলো দেওয়া হয়ে থাকে যাতে করে ভ্যাকসিনগুলো কার্যকরী হয় কিংবা সংরক্ষণে সাহায্য করে।

টিকাটি উৎপাদনের সময় গবাদি পশু থেকে প্রাপ্ত উপকরণের সংস্পর্শে এসেছিল।

## প্রশ্ন। টিকাগুলো কতটুকু নিরাপদ?

অস্ট্রেলিয়ায় ব্যবহৃত টিকা নিরাপদ এবং থেরাপিউটিক গুডস অ্যাডমিনিস্ট্রেশন (TGA) দ্বারা অনুমোদনের আগে এগুলোকে অবশ্যই যথাযথ নিরাপত্তা পরীক্ষায় পাস করতে হবে। এছাড়াও, একবার ব্যবহার শুরু হলে TGA টিকাগুলোর নিরাপত্তা পর্যবেক্ষণ করে।

## প্রশ্ন। পোলিওর টিকার পার্শ্ব প্রতিক্রিয়াগুলো কী কী?

পার্শ্বপ্রতিক্রিয়া সচরাচর মৃদু হয় এবং সাধারণত ইঞ্জেকশনের জায়গায় লালচে ভাব, ব্যথা এবং ফুলে যেতে পারে কিংবা জ্বর আসতে পারে। গুরুতর পার্শ্বপ্রতিক্রিয়া ঘটে খুবই কদাচিৎ। www.health.nsw.gov.au/schoolvaccination ওয়েবসাইটের কনজিউমার মেডিসিন ইনফরমেশন (CMI) এ টিকাটির পার্শ্ব প্রতিক্রিয়া সম্পর্কে আরও তথ্য রয়েছে। বাবা-মায়েরা যদি টিকা দেওয়ার পরে এর পার্শ্ব প্রতিক্রিয়া নিয়ে চিন্তিত হন তাহলে তাদের উচিত জিপির সাথে যোগাযোগ করা যিনি স্থানীয় জনস্বাস্থ্য ইউনিটের জন্য একটি রিপোর্টও তৈরি করবেন।

## প্রশ্ন। কোন ছাত্রী যদি গর্ভবতী হয় কিংবা সে যদি মনে করে সে হয়তোবা গর্ভবতী সেক্ষেত্রে কি টিকা দেওয়া উচিত হবে?

না। যে ছাত্রী গর্ভবতী কিংবা যদি সে মনে করে সে গর্ভবতী, তাহলে তাকে টিকা দেওয়া যাবে না। ক্লিনিকের দিন ভ্যাক্সিনেশন নার্স ছাত্রীদের জিজ্ঞাসা করবেন তারা গর্ভবতী কি না অথবা গর্ভবতী হওয়ার সম্ভাবনা আছে কি না। যদি কোন ছাত্রী এই প্রশ্নের উত্তরে হ্যাঁ সুচক জবাব দেয় তাহলে তাকে টিকা দেওয়া হবে না। ঐ ছাত্রীকে বিষয়টি নিয়ে অবিলম্বে তার পিতামাতা / অভিভাবকের সাথে আলোচনা করতে এবং চিকিৎসা পরামর্শ নিতে বলা হবে। এছাড়াও তাকে কোন স্বাস্থ্য সেবায় যোগাযোগের বিস্তারিত দেওয়া হবে যারা তাকে পরামর্শ, সহায়তা এবং দিক নির্দেশনা দেবে।

## প্রশ্ন। আমার বাচ্চার যদি অ্যাজমা থাকে এবং যদি সে "পাফার" এর মাধ্যমে করটিসন কিংবা প্রেডনিসন নিয়ে থাকে তাহলে কী হবে?

একজন অ্যাজমা রোগী যেই ঔষধই নিক না কেন পোলিওর টিকা নিরাপদে দেওয়া যেতে পারে।

## প্রশ্ন। কারা টিকা প্রদানের জন্য সম্মতি দিতে পারে এবং এই সম্মতি কি প্রত্যাহার করা যেতে পারে?

১৮ বছরের কম বয়সী শিক্ষার্থীদের ক্ষেত্রে কেবল-বাবা মা কিংবা অভিভাবকরাই সম্মতি দিতে পারে। ১৮ বছর এবং এর বেশী বয়সী শিক্ষার্থীরা নিজেরাই নিজেদের টিকা নেওয়ায় সম্মতি দিতে পারে এবং সেক্ষেত্রে তাদেরকে সম্মতি পত্রটি পূরণ করে যেখানে বাবা-মা / অভিভাবক লেখা আছে সেখানে স্বাক্ষর করতে হবে। স্কুলকে লিখিতভাবে সম্মতি প্রত্যাহারের নোটিশ প্রদান করে কিংবা টেলিফোন করে যেকোনো সময় সম্মতি প্রত্যাহার করে নেওয়া যেতে পারে।

## প্রশ্ন। আমি কীভাবে টিকার রেকর্ড দেখতে পারি?

আপনার বাচ্চার ভ্যাকসিন সংক্রান্ত তথ্য অস্ট্রেলিয়ান ইমিউনাইজেশন রেজিস্টার (AIR) এ আপলোড করা হবে, যাতে করে এটি আপনার বাচ্চার যে টিকার রেকর্ড আছে, তার সাথে যুক্ত করা যায়।

বাবা-মায়েরা তাদের সন্তানের বয়স ১৪ বছর হওয়া পর্যন্ত AIR ইমিউনাইজেশন হিস্ট্রি স্টেটমেন্ট এর একটি কপির জন্য আবেদন করতে পারেন, এবং ১৪ বছর এবং এর বেশি বয়সী শিক্ষার্থীরা নিম্নোক্ত উপায়ে তাদের নিজের ইমিউনাইজেশন হিস্ট্রি স্টেটমেন্ট এর জন্য অনুরোধ করতে পারেঃ

- myGov my.gov.au/ এর মাধ্যমে মেডিকেয়ার অনলাইন অ্যাকাউন্ট ব্যবহার করে
- মেডিকেয়ার এক্সপ্রেস প্লাস অ্যাপ ব্যবহার করে www.humanservices.gov.au/individuals/subjects/express-plus-mobile-apps
- 1800 653 809 নম্বরে জেনারেল এনকোয়ারিস লাইনে AIR কে ফোন করে

## প্রশ্ন। নার্সরা যেদিন স্কুলে আসবেন সেদিন যদি অসুস্থতা কিংবা স্কুলে না যাওয়ার কারণে আমার সন্তান টিকা নিতে না পারে, সেক্ষেত্রে আমি কী করতে পারি?

আপনাকে আপনার স্থানীয় ডাক্তারের সাথে যোগাযোগ করে আপনার সন্তানকে টিকা দেওয়ার ব্যবস্থা করতে হবে।

## প্রশ্ন। আমার সন্তানের তথ্যের কী হবে?

অনুমতি পত্রে আপনি যে তথ্য প্রদান করেছেন তা নিউ সাউথ ওয়েলস এবং কমনওয়েলথ আইন অনুসারে কঠোর গোপনীয়তা এবং সুরক্ষা নিশ্চিত করা হবে (সংযুক্ত প্রাইভেসি স্টেটমেন্টটি দেখুন)। এই তথ্য NSW হেলথ ইমিউনাইজেশন রেজিস্টারে লিপিবদ্ধ করার পর এটিকে অস্ট্রেলিয়ান ইমিউনাইজেশন রেজিস্টারে (AIR) আপলোড করা হবে যাতে করে এটিকে আপনার শিশুর বর্তমান টিকার রেকর্ডের সাথে সংযুক্ত করা যায় এবং মাইগভ ওয়েবসাইটে দেখা যায়।

## প্রশ্ন। কোথায় আমি স্কুল ভ্যাক্সিনেশন সম্পর্কে আরও তথ্য পেতে পারি?

অতিরিক্ত তথ্য পাওয়া যাবেঃ

- NSW হেলথ এর ওয়েবসাইট www.health.nsw.gov.au/schoolvaccination
- 1300 066 055 নম্বরে আপনার স্থানীয় গণস্বাস্থ্য ইউনিটের সাথে যোগাযোগ করে

September 2022 © NSW Ministry of Health. SHPN (HP NSW) 220732-1-2

## টিকা নেওয়ার পর কী কী করণীয়

- এই রেকর্ডটি রেখে দিন, কারণ আপনাকে পরবর্তীতে এটি দিতে হতে পারে।
- আপনার সন্তানের টিকার তথ্য স্বয়ংক্রিয়ভাবে অস্ট্রেলিয়ান ইমিউনাইজেশন রেজিস্টারে (AIR) আপলোড হয়ে যাবে। আপনি চাইলে আপনার জিপিকে টিকার তারিখটি জানিয়ে দিতে পারেন।

## ইনজেকশনের জায়গায় যদি কোন পার্শ্বপ্রতিক্রিয়া হয় তাহলে কী করতে হবে?

- ব্যাথা কমানোর জন্য ইঞ্জেকশনের জায়গায় একটি ঠাণ্ডা ভেজা কাপড় রেখে দিন।
- ব্যাথার জন্য প্যারাসিটামল খান।
- বাড়তি পানি পান করুন।

**যদি আপনার সন্তান এমন কোন পার্শ্ব প্রতিক্রিয়ায় ভুগে যা নিয়ে আপনি উদ্বিগ্ন তাহলে অনুগ্রহ করে আপনার স্থানীয় ডাক্তারের সাথে যোগাযোগ করুন।**

NSW GOVERNMENT


## টিকা নেওয়ার পর কী কী করণীয়

- এই রেকর্ডটি রেখে দিন, কারণ আপনাকে পরবর্তীতে এটি দিতে হতে পারে।
- আপনার সন্তানের টিকার তথ্য স্বয়ংক্রিয়ভাবে অস্ট্রেলিয়ান ইমিউনাইজেশন রেজিস্টারে (AIR) আপলোড হয়ে যাবে। আপনি চাইলে আপনার জিপিকে টিকার তারিখটি জানিয়ে দিতে পারেন।

## ইনজেকশনের জায়গায় যদি কোন পার্শ্বপ্রতিক্রিয়া হয় তাহলে কী করতে হবে?

- ব্যাথা কমানোর জন্য ইঞ্জেকশনের জায়গায় একটি ঠাণ্ডা ভেজা কাপড় রেখে দিন।
- ব্যাথার জন্য প্যারাসিটামল খান।
- বাড়তি পানি পান করুন।

**যদি আপনার সন্তান এমন কোন পার্শ্ব প্রতিক্রিয়ায় ভুগে যা নিয়ে আপনি উদ্বিগ্ন তাহলে অনুগ্রহ করে আপনার স্থানীয় ডাক্তারের সাথে যোগাযোগ করুন।**

NSW GOVERNMENT


220732-2-2

শুধুমাত্র উদাহরণ
সম্মতি পত্রটি ইংরেজিতে পূরণ করুন

Bangla

# পোলিও টিকার জন্য সম্মতি

NSW GOVERNMENT

পিতামাতা/অভিভাবককে পূরণ করতে হবে। অনুগ্রহ করে **কালো** কিংবা **নীল** কালির কলম দিয়ে **বড় হাতের** অক্ষরে লিখুন।

## 1. শিক্ষার্থীর বিবরণ

পদবী

নামের প্রথম অংশ

জন্ম তারিখ __ __ / __ __ / 2 0 __ __

লিঙ্গ ☐ পুরুষ ☐ মহিলা ☐ অনির্ধারিত/ইন্টারসেক্স/অনির্দিষ্ট

শ্রেণী

স্কুলের নাম

মেডিকেয়ার নম্বর

☐ মেডিকেয়ার কার্ডে আপনার সন্তানের নামের পাশের নম্বর

## 2. আদিবাসীগত অবস্থান

☐ না ☐ হ্যাঁ, অ্যাবরিজিনাল ☐ হ্যাঁ, টরেস স্ট্রেইট আইল্যান্ডার ☐ হ্যাঁ, অ্যাবরিজিনাল এবং টরেস স্ট্রেইট আইল্যান্ডার উভয়ই

## 3. আপনার বিবরণ – পিতামাতা কিংবা আইনগত অভিভাবক

আমি পোলিও টিকার উপকারিতা এবং সম্ভাব্য পার্শ্ব প্রতিক্রিয়াগুলো সম্পর্কে প্রদত্ত তথ্য পড়েছি এবং বুঝতে পেরেছি।

এতদ্দ্বারা আমি উপরে নাম উল্লেখিত আমার সন্তানকে পোলিওর ২ ডোজ কোর্স টিকা দেওয়ার জন্য সম্মতি প্রদান করছি।

আমার জানা মতে আমি ঘোষণা করছি যে আমার সন্তানঃ

1. কোন টিকা নেওয়ার পর অ্যানাফিল্যাকটিক প্রতিক্রিয়ায় ভুগেনি।
2. সংযুক্ত প্যারেন্ট ইনফরমেশন শীটে (বাবা মায়েদের জন্য তথ্যপত্র) প্রদত্ত টিকার উপাদানগুলোর কোনোটির প্রতি অ্যানাফিল্যাকটিক সংবেদনশীলতা নেই।
3. গর্ভবতী নয়।

পিতামাতা/অভিভাবকের নাম (যেমন JOHN SMITH)

বাড়ির ঠিকানা (যেমন 5 SMITH LANE)

সাবার্ব

পোস্টকোড

মোবাইল নম্বর

যোগাযোগের জন্য সবচেয়ে উপযুক্ত বিকল্প নম্বর (এরিয়া কোড উল্লেখ করুন যেমন 02)

পিতামাতা/অভিভাবকের স্বাক্ষর

তারিখ __ __ / __ __ / 2 0 __ __

## পোলিও টিকার রেকর্ড

✍ পিতামাতা/অভিভাবককে পূরণ করতে হবে

**শিক্ষার্থীর নাম** (যেমন JANE SMITH)

### শুধুমাত্র অফিসের ব্যবহারের জন্য

**ডোজ 1**

**হাত** ☐ বাম ☐ ডান

টিকা প্রদানের সময় (24ঘণ্টা)

টিকার ব্যাচ নম্বর

নার্সের স্বাক্ষর

×

তারিখ __ __ / __ __ 2 0 __ __

**ডোজ 2**

**হাত** ☐ বাম ☐ ডান

টিকা প্রদানের সময় (24ঘণ্টা)

টিকার ব্যাচ নম্বর

নার্সের স্বাক্ষর

×

তারিখ __ __ / __ __ 2 0 __ __

**নার্সের নোট**

টিকা না দেওয়ার কারণ

- ☐ অনুপস্থিত
- ☐ নিতে চায়নি
- ☐ অসুস্থ
- ☐ স্বাক্ষর নেই
- ☐ সম্মতি প্রত্যাহার করে নেওয়া হয়েছে
- ☐ অন্যান্য

## **পিতামাতা/অভিভাবকদের জন্য** পোলিও টিকার রেকর্ড

### পোলিও টিকার রেকর্ড

**ডোজ 1**

✍ পিতামাতা/অভিভাবককে পূরণ করতে হবে

**শিক্ষার্থীর নাম** (যেমন JANE SMITH)

#### শুধুমাত্র অফিসের ব্যবহারের জন্য

**হাত** ☐ বাম ☐ ডান

টিকা প্রদানের সময় (24ঘণ্টা) __ __ : __ __

টিকার ব্যাচ নম্বর

নার্সের স্বাক্ষর

×

তারিখ __ __ / __ __ 2 0 __ __

### পোলিও টিকার রেকর্ড

**ডোজ 2**

✍ পিতামাতা/অভিভাবককে পূরণ করতে হবে

**শিক্ষার্থীর নাম** (যেমন JANE SMITH)

#### শুধুমাত্র অফিসের ব্যবহারের জন্য

**হাত** ☐ বাম ☐ ডান

টিকা প্রদানের সময় (24ঘণ্টা) __ __ : __ __

টিকার ব্যাচ নম্বর

নার্সের স্বাক্ষর

×

তারিখ __ __ / __ __ 2 0 __ __

শুধুমাত্র উদাহরণ
সম্মতি পত্রটি ইংরেজিতে পূরণ করুন

# গোপনীয়তা সংক্রান্ত বিবৃতি

## আমাদের বাধ্যবাধকতা

আমরা গোপনীয়তা আইন অনুসারে আপনার ব্যক্তিগত তথ্যের সুরক্ষা দিতে প্রতিজ্ঞাবদ্ধ।

আপনার ও আপনার সন্তান সম্পর্কে আমরা কীভাবে এবং কোন উদ্দেশ্যে ব্যক্তিগত তথ্য সংগ্রহ করি, আপনি কীভাবে সেই তথ্য দেখতে পারেন এবং NSW জনস্বাস্থ্য পরিষেবায় এই তথ্য কীভাবে ব্যবহৃত কিংবা অন্য সংস্থার কাছে প্রকাশ করা হতে পারে তার বিস্তারিত এই বিবৃতিতে দেওয়া আছে। আপনার ব্যক্তিগত তথ্যের মধ্যে রয়েছে আপনার ও আপনার সন্তানের ব্যক্তিগত বিবরণ এবং আপনার সন্তানের টিকা সংক্রান্ত ব্যক্তিগত স্বাস্থ্য তথ্য।

## সংগ্রহ

আপনার সন্তানকে যাতে যথাযথ প্রতিষেধক সেবা দেওয়া যায় সেজন্য ব্যক্তিগত তথ্য সংগ্রহ করা হয়।

কেবল সেসকল তথ্যই সংগ্রহ করা হয় যেগুলো আপনার সন্তানের টিকার সাথে সম্পর্কিত এবং যেগুলো টিকাদান কার্যক্রম পরিচালনার জন্য প্রয়োজনীয়।

যেখানেই সম্ভব হবে আপনার ও আপনার সন্তানের কাছ থেকে সরাসরি তথ্য সংগ্রহ করা হবে। আপনার সন্তানের স্কুল এবং অন্যান্য যেসকল স্বাস্থ্য কর্মী আপনার সন্তানকে চিকিৎসা দিয়েছিল তাদের কাছ থেকে তথ্য সংগ্রহ করার দরকার হতে পারে। জরুরী পরিস্থিতিতে পরিবারের অন্য কোনো সদস্য, বন্ধুবান্ধব, পরিচর্যাকারী কিংবা অন্যান্য ব্যক্তি যারা আপনার সন্তানকে সর্বোত্তম সেবা প্রদানে আমাদের সাহায্য করতে পারে তাদের কাছ থেকেও তথ্য সংগ্রহ করার দরকার হতে পারে।

## সংগৃহীত তথ্যের নিরাপত্তা

ব্যক্তিগত তথ্য বিভিন্নভাবে সংরক্ষণ করা হতে পারে। বেশীর ভাগ ক্ষেত্রে, এই তথ্য কাগজে লিখা মেডিক্যাল রেকর্ড হিসেবে, এবং / অথবা নিরাপদ কম্পিউটারাইজড ডাটাবেইজ এর অংশ হিসেবে ইলেক্ট্রনিক মেডিক্যাল রেকর্ড হিসেবে সংরক্ষণ করা হতে পারে। আপনার ব্যক্তিগত তথ্য হারানো, অননুমোদিত ব্যবহার এবং অপব্যবহার রোধ করতে আমরা ব্যক্তিগত তথ্যের নিরাপদ সংরক্ষণ সংক্রান্ত কঠোর নীতিমালা অনুসরণ করি।

## তথ্যের ব্যবহার এবং প্রকাশ

আপনার কিংবা আপনার সন্তানের ব্যক্তিগত তথ্য NSW জনস্বাস্থ্য পরিষেবা কর্তৃক ব্যবহৃত হতে পারে, অথবা এর বাইরে প্রকাশ করা হতে পারে, যাতে করে আপনাকে যথাযথ সেবা ও চিকিৎসা দেওয়া যায়। উদাহরণস্বরূপ, আপনার ব্যক্তিগত তথ্য আপনার কিংবা আপনার সন্তানের জিপি, চিকিৎসা প্রদানকারী অন্য কোনো পরিষেবা অথবা হাসপাতাল, NSW এর অ্যাম্বুলেন্স সার্ভিস, রেফারেল কিংবা প্যাথলজি পরীক্ষার জন্য কোনো বিশেষজ্ঞ কর্তৃক ব্যবহৃত হতে পারে বা তাদের কাছে প্রকাশ করা হতে পারে। এছাড়াও ব্যক্তিগত তথ্য NSW জনস্বাস্থ্য পরিষেবার কার্যক্রম পরিচালনার উদ্দেশ্যে এবং অর্থায়ন, পরিকল্পনা, নিরাপত্তা, এবং মান উন্নয়ন কর্মকাণ্ডসহ আমাদের রোগীদের চিকিৎসার উদ্দেশ্যে ব্যবহৃত কিংবা প্রকাশ করা হতে পারে।

অবশ্যজ্ঞাপনীয় রোগগুলো রিপোর্ট করা সংক্রান্ত আইন মেনে চলতে এবং মেডিকেয়ার এর বিস্তারিত ও টিকার পরিসংখ্যান জানাতে ব্যক্তিগত তথ্য অবশ্যই স্টেট এবং কমনওয়েলথ সরকারের কাছে প্রকাশ করতে হবে।

এছাড়াও গ্রাহকদের সন্তুষ্টি জরিপ এবং টিকার নিরাপত্তা পর্যবেক্ষণ করার জন্য আপনার সাথে যোগাযোগ করতে আমরা আপনার ব্যক্তিগত তথ্য ব্যবহার করতে পারি। এই জরিপে অংশগ্রহণ বাধ্যতামূলক নয় এবং এতে অংশ না নিলে আপনার স্বাস্থ্য সেবায় কোনো প্রভাব পড়বে না।

## আপনার নিজের তথ্য দেখা

আমাদের কাছে আপনার এবং আপনার সন্তানের যে তথ্য আছে তা দেখতে চাওয়ার অনুরোধ করার অধিকার আপনার আছে। আপনি যদি আপনার ব্যক্তিগত তথ্য কিংবা মেডিক্যাল রেকর্ডের কপি চান সেক্ষেত্রে আপনাকে এর জন্য ফি দিতে হতে পারে।

## অতিরিক্ত তথ্যের জন্য আমাদের সাথে যোগাযোগ করুন

আপনার ব্যক্তিগত তথ্য কীভাবে সংরক্ষণ করা হয়, সে সম্পর্কে অতিরিক্ত তথ্যের জন্য www.health.nsw.gov.au/patients/privacy ওয়েবসাইটে হেলথ প্রাইভেসি ম্যানুয়াল ফর হেলথ ইনফরমেশন দেখুন।

যদি আপনার ব্যক্তিগত তথ্যের গোপনীয়তা সম্পর্কে কোন প্রশ্ন কিংবা অভিযোগ থাকে, তাহলে অনুগ্রহ করে 1300 066 055 নম্বরে আপনার স্থানীয় জনস্বাস্থ্য ইউনিটের সাথে যোগাযোগ করুন।

October 2022 © NSW Health. SHPN (HP NSW) 220726-P-2